NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

EKDIN

# একদিন

এগিয়ে চলার সঙ্গী






৫ নিয়োগ পরীক্ষায় নয়া সুপ্রিম নির্দেশ, ফর্ম ফিলাপের মেয়াদ সাত দিন বৃদ্ধি

কলকাতায় মেট্রোর তিন নতুন রুট উদ্বোধনে প্রস্তুতি ৫

কলকাতা ২২ অগস্ট ২০২৫ ৫ ভাদ্র ১৪৩২ শুক্রবার উনবিংশ বর্ষ ৭৩ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 22.08.2025, Vol.19, Issue No. 73, 8 Pages, Price 3.00

## তিন মেট্রোপথের উদ্বোধনে সংযোগ বিস্তীর্ণ কলকাতার

# মোদীর অপেক্ষায় মহানগর, ‘বিজেপির অপেক্ষায় বাংলা’

**নিজস্ব প্রতিবেদন:** মাস তিনেকের মধ্যে তৃতীয় বার পশ্চিমবঙ্গ সফরে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শেষ দু’টি সফরের মতো এ বারও প্রথমে প্রশাসনিক সভা, তার পরে রাজনৈতিক। কিন্তু এ বার প্রশাসনিক কর্মসূচি থেকে একাধিক বড় প্রকল্পের উদ্বোধনের কথা থাকলেও প্রায় সব শিবিরেই কৌতূহল তুলনায় বেশি মোদীর রাজনৈতিক কর্মসূচি ঘিরে। আগামী বছরেই বিধানসভা নির্বাচন। তাই শুক্রবার দমদম সেন্ট্রাল জেল ময়দানের রাজনৈতিক সমাবেশের মঞ্চ থেকে মোদী কী বলবেন, কতটা আক্রমণাত্মক হবেন বা কোন কোন আশ্বাসবাণী শোনাবেন, তা শোনার আগ্রহ বাড়ছে।

কলকাতায় এসে তিন মেট্রো রুটের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তার আগে তিনি এক্স হ্যান্ডলে পোস্ট করে আসন্ন সফর নিয়ে উন্নয়নের বার্তা দিলেন তিনি। জোড়া পোস্টে রাজ্যের শাসকদল তৃণমূলকেও নিশানা করেছেন মোদি। তাঁর দাবি, বাংলা পরিবর্তনের অপেক্ষায়, বিজেপির ক্ষমতায়



আসার অপেক্ষা করছেন বঙ্গবাসী। তার কারণ, বিজেপির উন্নয়নযজ্ঞের সুফল পেতে আগ্রহী সকলে। বিশেষত যেখানে বাংলার জন্য উন্নয়ন চালিয়ে যাচ্ছে বিজেপি।

প্রধানমন্ত্রী জানান, এদিন একাধিক মেট্রো পরিষেবার সূচনা হবে। তার মধ্যে রয়েছে নোয়াপাড়া,জয় হিন্দ বিমানবন্দর, শিয়ালদহ, এসপ্লানেড এবং বেলেঘাটা, হেমন্ত মুখোপাধ্যায় রুট। তাঁর বক্তব্য অনুযায়ী, এই পরিষেবাগুলি চালু হলে বিমানবন্দর থেকে শহরের বিভিন্ন অংশ এবং আইটি হাব এলাকায় যাতায়াত আরও সহজ হবে। এছাড়া এদিন তিনি বিজেপি কার্যকর্তাদের এক মিছিলে অংশ নেবেন বলেও জানান।

শুধু অবকাঠামো উন্নয়ন নয়, রাজনীতিতেও বিজেপির ভূমিকা প্রসঙ্গে তিনি মন্তব্য করেন। মোদীর বক্তব্য, ‘আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি কলকাতায় বিজেপি কর্মীদের সঙ্গে সমাবেশে যোগ দেওয়ার। প্রতিদিন তৃণমূলের বিরুদ্ধে মানুষের ক্ষোভ বাড়ছে। উন্নয়নের এজেন্ডা নিয়ে পশ্চিমবঙ্গ এখন আশার চোখে বিজেপির দিকে তাকিয়ে।’

এক্স হ্যান্ডল পোস্টে মোদীর আরও বক্তব্য, দিনদিন তৃণমূলের প্রতি জনরোষ বাড়ছে। আর তাই বঙ্গবাসী অপেক্ষা করছে বিজেপির ক্ষমতায় আসার। কারণ, তাঁরা বিশ্বাস করেন যে বিজেপি ক্ষমতায় এলেই আসল উন্নয়ন হবে। শুক্রবার নয়া মেট্রো রুটের উদ্বোধনের পর প্রধানমন্ত্রী মোদী মেট্রো সফর করবেন বলে খবর। এই অনুষ্ঠানে আমন্ত্রিত মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও। কিন্তু নীতিগত বিরোধের কারণে তিনি সেই অনুষ্ঠানে যাবেন না বলে জানিয়ে দিয়েছেন।

# জিএসটির হারে বড় পরিবর্তনে সায় মন্ত্রিগোষ্ঠীর

## কেন্দ্রের প্রস্তাব, ৫ ও ১৮ শতাংশ



**নয়াদিল্লি, ২১ অগস্ট:** গত ১৫ অগস্ট লালকেল্লা থেকে স্বাধীনতা দিবসের ভাষণেই জিএসটি সংস্কারের ইঙ্গিত দিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দীপাবলির আগেই নতুন জিএসটি ব্যবস্থা চালু হয়ে যাবে বলে জানান তিনি। সেই অনুযায়ী সরকার তৎপর। বৃহস্পতিবারের বৈঠকে জিএসটি হার চার থেকে দুই-তে নামিয়ে আনার প্রস্তাব দেয় কেন্দ্র। বর্তমানে ৫, ১২, ১৮ এবং ২৮ শতাংশ হারে জিএসটি প্রচলিত রয়েছে। কোনও কোনও পণ্যে জিএসটি শূন্য। কেন্দ্রের প্রস্তাব, এ বার থেকে জিএসটি হবে শুধু পাঁচ এবং ১৮।

পণ্য ও পরিষেবা কর (জিএসটি) নিয়ে কেন্দ্রীয় সরকারের প্রস্তাবে সায় দিল মন্ত্রীগোষ্ঠী। প্রস্তাবে বলা হয়েছে, এখন থেকে চারের পরিবর্তে শুধু দু’টি হারে জিএসটি নেওয়া হবে। পাঁচ শতাংশ এবং ১৮ শতাংশ। ১২ এবং ২৮ শতাংশের জিএসটি হার তুলে দেওয়া হচ্ছে। তবে পৃথক বন্দোবস্ত করা হচ্ছে ক্ষতিকর এবং অতিবিলাসী পণ্যের জন্য। সেই তালিকায় থাকতে পারে মদ, সিগারেট, বিলাসবহুল গাড়ি প্রভৃতি। এই সমস্ত পণ্যে সরকার সর্বোচ্চ ৪০ শতাংশ কর নেওয়া হবে বলে ঠিক করা হয়েছে।

বৃহস্পতিবার কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের সঙ্গে ছয় সদস্যের মন্ত্রিগোষ্ঠীর বৈঠক ছিল। তাতে জিএসটি সংস্কার নিয়ে আলোচনা হয়েছে। মন্ত্রিগোষ্ঠীতে ছিলেন পশ্চিমবঙ্গের অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যও। জিএসটি সংস্কারের এই প্রস্তাব এর পর জিএসটি কাউন্সিলে যাবে। আগামী সেপ্টেম্বরে জিএসটি কাউন্সিলের বৈঠকের সম্ভাবনা রয়েছে।

তবে কিছু পণ্যে বিশেষ ৪০ শতাংশ কর চাপানো হবে। সূত্রের খবর, সেই ক্ষতিকর এবং অতিবিলাসী পণ্যের তালিকায় থাকবে মদ, সিগারেট, বিলাসবহুল গাড়ি। এ ছাড়া, বিভিন্ন মাদক দ্রব্য, ঠান্ডা পানীয়, ফাস্ট ফুড, কফি, চিনি, এমনকি পর্নোগ্রাফিকেও সর্বোচ্চ করের তালিকায় ফেলা হতে পারে। এগুলিকে ‘সিন ট্যাক্স’ বলা হচ্ছে। যে সমস্ত পণ্যের বিক্রি বা ব্যবহার সরকার কমাতে চায়, সাধারণ মানুষকে নিরুৎসাহ করার জন্য তার উপর এই বিশেষ কর চাপানো হয়ে থাকে।

পশ্চিমবঙ্গের প্রতিনিধি চন্দ্রিমা জানান, জিএসটি সংস্কারের ফলে কেন্দ্র এবং রাজ্যগুলির রাজস্ব আদায় কতটা কমবে, কতটা রাজস্ব ক্ষতি হবে, সে বিষয়ে কেন্দ্রের প্রস্তাবে কিছু বলা হয়নি। বিষয়টিতে আলোকপাত করতে চেয়েছেন চন্দ্রিমা। রাজস্ব ক্ষতি কমানোর জন্য ক্ষতিকর পণ্যে ৪০ শতাংশের পরেও বাড়তি কিছু করের প্রস্তাব দিয়েছেন তিনি। এখনও সে বিষয়ে সিদ্ধান্ত হয়নি। এ ছাড়া, জীবন বিমা এবং স্বাস্থ্যবিমার উপর জিএসটি পুরোপুরি প্রত্যাহারের যে প্রস্তাব কেন্দ্র দিয়েছে, তা নিয়েও বক্তব্য জানিয়েছেন চন্দ্রিমা।

## পুলিশে রদবদল

■ **পুজোর মুখে পুলিশের শীর্ষস্তরে বড়সড় রদবদল করল নবান্ন। বৃহস্পতিবার রাজ্য সরকারের তরফে বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়েছে, একাধিক জেলায় পুলিশ সুপার এবং কমিশনারেটের ডিসি পদে নতুন নিয়োগ হয়েছে। সব মিলিয়ে ডায়মন্ড হারবার ও ব্যারাকপুর-সহ মোট ছ’টি জেলা ও কমিশনারেটের শীর্ষ পদে পরিবর্তন করা হয়েছে। রাজ্য পুলিশের বিজ্ঞপ্তি অনুযায়ী, কালিম্পংয়ের পুলিশ সুপার শ্রীহরি পাণ্ডেকে এসএস, আইবি করা হয়েছে। তাঁর জায়গায় কালিম্পংয়ের নতুন পুলিশ সুপার হলেন অপরাজিতা রাই।**

## নতুন সিপি

■ **দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তার উপর হামলার ঘটনার এক দিন পরেই সরিয়ে দেওয়া হল পুলিশ কমিশনার (সিপি) এসবিকে সিংকে। তাঁর জায়গায় নতুন সিপি হলেন সতীশ গোলচা। ১৯৯২ ব্যাচের আইপিএস অফিসার সতীশ গোলচা। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশে দিল্লি পুলিশের দায়িত্ব এখন তিনিই সামলাবেন।একটি সার্কুলার জারি করে বলা হয়েছে, ‘দিল্লির নতুন পুলিশ কমিশনার হিসাবে নিয়োগ করা হচ্ছে আইপিএস সতীশ গোলচাকে। বর্তমানে তিনি কারা বিভাগের ডিজি পদে কর্মরত।’**

## ওবিসি শংসাপত্র তৃণমূলের রাজনৈতিক অস্ত্র: শুভেন্দু

**নিজস্ব প্রতিবেদন:** বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বৃহস্পতিবার নিজের এক্স হ্যান্ডলে এক বিস্ফোরক পোস্টে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং তাঁর প্রশাসনের বিরুদ্ধে গুরুতর অভিযোগ আনেন। তাঁর বক্তব্য অনুযায়ী, পশ্চিমবঙ্গে ওবিসি শংসাপত্রকে তৃণমূল কংগ্রেস রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করছে।

শুভেন্দু অভিযোগ করেন, তৃণমূল নেতারা প্রশাসনের প্রত্যক্ষ মদতে ভুয়ো ওবিসি শংসাপত্র দাখিল করে সংরক্ষিত আসনগুলিতে অবৈধভাবে নির্বাচিত হচ্ছেন। এর উদাহরণ হিসেবে তিনি উল্লেখ করেন পূর্ব মেদিনীপুর জেলার চণ্ডীপুর ব্লকের ঈশ্বরপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান খুকুরানি মণ্ডল ঘোড়াইকে। শুভেন্দুর দাবি, ভুয়ো শংসাপত্রের ভিত্তিতে তিনি ওবিসি আসন থেকে জিতে আসেন, এখন প্রধান পদ ছাড়াও পঞ্চায়েত সদস্যের পদও খোয়াতে বসেছেন।

তাঁর বক্তব্য, ‘এটি হিমশৈলের চূড়া মাত্র। নিরপেক্ষ তদন্ত হলে রাজ্য জুড়ে হাজার হাজার খুকুরানি মণ্ডল ঘোড়াই ধরা পড়বেন।’ শুভেন্দুর অভিযোগ, এই সমস্ত ভুয়ো শংসাপত্র পাইয়ে দিয়েছে মমতার প্রশাসন, মুখ্যমন্ত্রীর প্রত্যক্ষ নির্দেশে।

তিনি আরও অভিযোগ করেন, রাজনৈতিক স্বার্থে মমতা বন্দ্যোপাধ্যায় শুধু দলীয় নেতাদের নয়, মুসলিম সম্প্রদায়কে তোষণ করার উদ্দেশ্যে বেআইনিভাবে ওবিসির সুবিধা পাইয়ে দিয়েছেন। এর ফলে প্রকৃত ওবিসি সম্প্রদায় সরকারি চাকরি ও শিক্ষায় বঞ্চিত হচ্ছে।

শুভেন্দুর দাবি, এই অপব্যবহারের ফলেই রাজ্যে বর্তমান শিক্ষাসংকট তৈরি হয়েছে। কলকাতা হাইকোর্ট সরকারের প্রণীত বিতর্কিত ওবিসি তালিকা বাতিল করলেও সরকার রায় মানেনি, বরং মামলাকে দীর্ঘায়িত করেছে। এর জেরে উচ্চমাধ্যমিকের ফল প্রকাশের তিন মাসের বেশি সময় কেটে গেলেও সরকারি কলেজে ভর্তি প্রক্রিয়া শুরু হয়নি, জয়েন্ট এন্ট্রান্সের ফলও প্রকাশিত হয়নি। প্রায় পাঁচ লক্ষ ছাত্রছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত অবস্থায় রয়েছে।

শুভেন্দু ক্ষোভ প্রকাশ করে বলেন, ‘পশ্চিমবঙ্গের তরুণ প্রজন্ম আজ মমতা বন্দ্যোপাধ্যায়ের তোষণনীতি ও ভোটব্যাঙ্কের রাজনীতির বলি। ওবিসি সংরক্ষণের মূল উদ্দেশ্যকে বুড়ো আঙুল দেখিয়ে মুখ্যমন্ত্রী সম্পূর্ণ অসৎ উদ্দেশ্যে নিম্ন মানের রাজনীতি করছেন।’

## নতিস্বীকার, সাসপেন্ড ৫ আধিকারিক

**নিজস্ব প্রতিবেদন:** ভোটার তালিকায় অনিয়মের জেরে অবশেষে কড়া পদক্ষেপ করল রাজ্য সরকার। নবান্ন সূত্রে জানা গিয়েছে, দুই ডব্লিউবিসিএস-সহ চার জন আধিকারিককে সাসপেন্ড করা হয়েছে। পাশাপাশি, চুক্তিভিত্তিক এক ডেটা এন্ট্রি অপারেটরকেও সাসপেন্ড করার পাশাপাশি তাঁর বিরুদ্ধে এফআইআর দায়ের করা হয়েছে। তবে নির্বাচন কমিশনের নির্দেশে সমস্ত অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে এফআইআর দায়ের করা হয়নি।

নির্বাচন কমিশনের ফুল বেঞ্চ গত সপ্তাহে রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে দিল্লিতে ডেকে জানিয়ে দিয়েছিল, ভোটার তালিকা সংশোধনের সময় অনিয়ম ও গাফিলতির অভিযোগে অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে রাজ্যকে শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে। সেজন্য সময়সীমা বেঁধে দেয় কমিশন। কমিশনের কড়া নির্দেশের পরই তৎপর হয় রাজ্য প্রশাসন। সেই প্রতিশ্রুতির ভিত্তিতেই বৃহস্পতিবার নবান্ন থেকে বিজ্ঞপ্তি জারি করে শাস্তিমূলক পদক্ষেপের কথা জানানো হয়েছে।

প্রশাসনিক সূত্রে খবর, রাজ্যের একাধিক জেলায় ভোটার তালিকায় ‘ডুপ্লিকেশন’, মৃত ব্যক্তির নাম বাদ না দেওয়া, ঠিকানা বিভ্রাট, এমনকি অকারণে বৈধ ভোটারদের নাম কেটে দেওয়ার মতো অনিয়ম ধরা পড়ে। কমিশন জানিয়ে দিয়েছিল, এ সব ক্ষেত্রে দায়িত্বে গাফিলতি প্রমাণিত হলে তা মেনে নেওয়া হবে না। কমিশনের পর্যবেক্ষণ, ভোটার তালিকা প্রস্তুতির মতো স্পর্শকাতর কাজে কোনও শৈথিল্য বরদাস্তযোগ্য নয়।

উল্লেখযোগ্য ভাবে, কমিশনের নির্দেশে পাঁচ জনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হলেও, এফআইআর হয়েছে কেবলমাত্র চুক্তিভিত্তিক ডেটা এন্ট্রি অপারেটরের বিরুদ্ধে। নবান্ন সূত্রে ব্যাখ্যা, অন্য আধিকারিকদের ক্ষেত্রে প্রাথমিক ভাবে সাসপেনশনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে তদন্তে দোষ প্রমাণিত হলে ফৌজদারি পদক্ষেপও হতে পারে।

রাজনৈতিক মহলে এর প্রভাব পড়েছে ইতিমধ্যেই। বিরোধী শিবিরের অভিযোগ, ‘রাজ্য ইচ্ছাকৃতভাবে ভোটার তালিকায় গোলমাল করেছে। শুধু সাসপেনশন দিয়ে দায় এড়ানো চলবে না।’

## আমেরিকার শুল্কে হতবাক নয়াদিল্লি, ব্যাখ্যা জয়শঙ্করের




**মস্কো, ২১ অগস্ট:** রাশিয়ার কাছ থেকে খনিজ তেল কেনায় ভারতের উপর ৫০ শতাংশ শুল্ক আরোপ করে আমেরিকা যে যুক্তি দিয়েছে, তাতে হতবাক নয়াদিল্লি। বৃহস্পতিবার মস্কো থেকে ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর সে কথা জানিয়েছেন। রুশ বিদেশমন্ত্রী সেরগেই লাভরভের সঙ্গে একটি বৈঠক করেন তিনি। তার পর সাংবাদিকদের মুখোমুখি হন। সেখানে আমেরিকার শুল্ক সংক্রান্ত হুমকি নিয়ে জয়শঙ্করকে প্রশ্ন করা হয়েছিল। তিনি জানিয়েছেন, মার্কিন যুক্তিতে তিনি অবাক। তার তিনটি কারণও দেখিয়েছেন।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রথমে ভারতীয় পণ্যে ২৫ শতাংশ শুল্ক আরোপ করেছিলেন। সেই শুল্কহার কার্যকর হয়ে গিয়েছে। পরে তিনি জানান, রাশিয়ার কাছ থেকে খনিজ তেল কেনার কারণে ‘জরিমানা’ হিসাবে ভারতে আরও ২৫ শতাংশ শুল্ক দিতে হবে। ফলে ভারতীয় পণ্য আমেরিকায় রপ্তানি করতে হলে দিতে হবে ৫০ শতাংশ শুল্ক। ২৭ অগস্ট থেকে নতুন হার কার্যকর হওয়ার কথা। এ প্রসঙ্গে কথা বলতে গিয়ে সরাসরি আমেরিকার শুল্কের কথা তোলেননি জয়শঙ্কর। তিনটি কারণ দেখিয়ে তিনি বলেন, ‘আমরা রাশিয়ার তেলের সবচেয়ে বড় ক্রেতা নই, সবচেয়ে বড় ক্রেতা চিন। আমরা রাশিয়ার কাছ থেকে সবচেয়ে বেশি এলএনজি (তরল প্রাকৃতিক গ্যাস) আমদানি করি না। আমি যত দূর জানি, সেটা করে ইউরোপীয় ইউনিয়ন। ২০২২ সালের পর থেকে রাশিয়ার সঙ্গে সবচেয়ে বেশি বাণিজ্যিক অগ্রগতি আমাদের হয়নি, হয়েছে দক্ষিণের কিছু দেশের।’

জয়শঙ্কর আরও বলেন, ‘গত কয়েক বছর ধরে আমেরিকানেরা বলে চলেছেন, বিশ্বের জ্বালানি বাজার স্থিতিশীল করতে আমাদের যা করার করতে হবে। ঘটনাচক্রে, আমরা কিন্তু আমেরিকার কাছ থেকেও তেল কিনে থাকি এবং সেই পরিমাণ আগের চেয়ে বৃদ্ধি পেয়েছে। ফলে সত্যি কথা বলতে, এ নিয়ে যে যুক্তি দেওয়া হচ্ছে, আমরা তাতে হতবাক।’

## কেরলে গণধর্ষিতা বাংলার পরিযায়ী

**নিজস্ব প্রতিবেদন:** কেরলে কাজ করতে গিয়ে গণধর্ষণের শিকার বাঙালি পরিযায়ী শ্রমিক। সূত্রে খবর, কলকাতা লাগোয়া মহেশতলা সন্তোষপুর ১৬ বিঘা বস্তির ১২ -১৩ জনের পরিবারের সদস্য গিয়ে কেরলে থাকেন। সেখানেই বিভিন্ন ধরনের কাজ করেন এই সব পরিবারের সদস্যরা। তাঁদের হাত ধরেই সন্তোষপুর ১৬ বিঘা বস্তির একটি মেয়ে ছ’মাস আগে তাঁর দাদু দিদার কাছে কেরলে থাকবার জন্য যায়। কেরলে রামা নাট্যু এলাকায় থাকেন তাঁরা।এরপর দেড় মাস আগে একটি শপিংমলে জামা কাপড় ভাঁজ করবার কাজ পান এই কিশোরী।পরিবার সূত্র থেকে জানা গিয়েছে, মঙ্গলবার যখন কাজে বের হন, তারপর থেকে তিনি আর বাড়িতে ফেরেননি। পরিবারের তরফ থেকে বাড়ির মেয়ে না-ফেরায় ফেরকা থানায় অভিযোগও করা হয়। এরপর বুধবার বিকেলের দিকে নির্যাতিতা বাড়িতে ফেরেন রক্তাক্ত বিধ্বস্ত অবস্থায়। পরিবারের দাবি, মেয়েটি তাঁর পরিবারকে জানান, শপিংমলে কাজ থেকে ফেরার সময় তাঁকে নাকের মধ্যে রুমাল চেপে অজ্ঞান করে অপহরণ করা হয়। যখন তাঁর জ্ঞান ফেরে তখন তিনি বুঝতে পারেন তিনি একটি ঘরের মধ্যে বন্দি। তাঁর ঘরে প্রায় কুড়িজন লোক ছিল বলেও দাবি। এরপর অজ্ঞান করে গণধর্ষণ করা হয়। এই ঘটনায় শরীরে একাধিক জায়গায় আঘাতের চিহ্নও মেলে। নির্যাতিতার পরিবারের তরফ থেকে দাবি করা হয়েছে, নির্যাতনের পর যখন তরুণীর জ্ঞান ফেলে, তাঁকে হুমকি দেওয়া হয়, যেন কেরল ছেড়ে তাঁরা চলে যান।



## বর্ষশেষেই গগনযানের পরীক্ষামূলক উৎক্ষেপণ

**নয়াদিল্লি, ২১ অগস্ট: মহাকাশে মানুষ পাঠাতে চলেছে ভারত। চলতি বছরের ডিসেম্বরেই ‘গগনযান’ নামে প্রকল্পে সেই যানটির পরীক্ষামূলক উৎক্ষেপণ হবে বলে জানিয়ে দিল ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো)। সদ্য দেশে ফেরা নভশ্চর শুভাংশু শুক্লও জানান, ভারত তাদের নিজস্ব মানববাহী মহাকাশ অভিযানের জন্য সবরকমভাবে প্রস্তুত। ইসরোর প্রধান ভি নারায়ণন নিশ্চিত করেছেন, চলতি বছরের ডিসেম্বর মাসে গগনযানের প্রাথমিক স্তরের পরীক্ষামূলক অভিযান শুরু করবে ইসরো।**

**বৃহস্পতিবার শুভাংশুও সংবাদমাধ্যমকে জানিয়েছেন, ভারত এই অভিযানের জন্য সব রকম ভাবে তৈরি। এখন শুধু অপেক্ষার পালা। শুভাংশু বলেন, ‘এটা আমাদের কাছে বড় জয়। ইসরো প্রস্তুত। সারা ভারত এই স্বপ্নকে বাস্তব রূপ দিতে প্রস্তুত।’ ইসরো-র আর এক নভশ্চর পি বালাকৃষ্ণন নায়ার একই সুরে বলেন, ‘এটা কোনও ছোটখাটো কৃতিত্ব নয়! আমাদের সময় এসেছে। ভারত মানব মহাকাশ অভিযানের জন্য তৈরি।’**

**এদিন এক সাংবাদিক সম্মেলনে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনের অভিজ্ঞতা তুলে ধরে শুভাংশু বলেন, মহাকাশযাত্রা প্রশিক্ষণের তুলনায় একদম ভিন্ন। তিনি আরও জানান, ‘এই মিশন গোটা দেশের মিশন। শিক্ষাক্ষেত্রে যা শেখা যায় তার থেকে গোটা অভিজ্ঞতাটা একেবারেই আলাদা। এ এক অবিশ্বাস্য অভিজ্ঞতা।’ পাশাপাশি, ভারত সরকার, ইসরো এবং গবেষকদের ধন্যবাদও দিয়েছেন শুভাংশু।**

**২০১৮ সালের ১৫ অগস্ট স্বাধীনতা দিবসের কর্মসূচিতে ইসরোর প্রথম মনুষ্যবাহী গগনযান প্রকল্পের কথা ঘোষণা করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ইসরোর তৎকালীন চেয়ারম্যান কে সিভন জানিয়েছিলেন, ২০২২ সালে ওই অভিযান হবে। মহাকাশের ৪০০ কিলোমিটার কক্ষপথে মানুষকে পাঠানোর যে পরিকল্পনা, তার অঙ্গ হিসাবে পরীক্ষামূলক ভাবে মহাকাশে মানববিহীন গগনযানও পাঠায় ইসরো। মহাকাশচারীদের মহাকাশে পাঠানোর পর কী ভাবে তাঁদের নিরাপদে পৃথিবীতে ফিরিয়ে আনা যায়, খুঁটিয়ে দেখা হয় তা-ও। তার পর থেকে অবশ্য ক্রমশই পিছিয়েছে গগনযানের উৎক্ষেপণ। শেষমেশ ইসরো জানিয়েছে, সব ঠিক থাকলে দু’-এক বছরের মধ্যেই মহাকাশে নভশ্চর পাঠাবে ভারত। গগনযানে সওয়ার হয়ে মহাকাশে পাড়ি দেবেন চার নভশ্চর, বালাকৃষ্ণন নায়ার, অঙ্গদ প্রতাপ, অজিত কৃষ্ণন এবং শুভাংশু। এই প্রকল্প যদি সফল হয়, তা হলে নিজস্ব প্রযুক্তিতে মহাকাশে নভশ্চর পাঠানোর দৌড়ে আমেরিকা, রাশিয়া, চিনের পরে চতুর্থ দেশ হিসাবে নাম জুড়বে ভারতের।**

# দুর্যোগের ঘূর্ণাবর্তে নাজেহাল দক্ষিণ

**নিজস্ব প্রতিবেদন:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও ওড়িশার উপরে তৈরি হয়েছে ঘূর্ণাবর্ত। এর প্রভাবে নিম্নচাপ তৈরি হবে। তাতেই সমুদ্র উত্তাল হবে। শনিবার পর্যন্ত বাংলা-ওড়িশা উপকূলে মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে আলিপুর আবহাওয়া দপ্তরের তরফ থেকে। সঙ্গে এও জানানো হয়েছে, আগামী সোমবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টি রাজ্যের বিভিন্ন জেলায়। বজ্রবিদ্যুৎ-সহ হালকা মাঝারি বৃষ্টি সব জেলার বেশিরভাগ অংশে। উপকূল ও সংলগ্ন জেলাগুলিতে। বৃষ্টির সঙ্গে বইবে দমকা ঝোড়ো হাওয়া। এর গতি থাকবে ঘণ্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার। এর প্রভাবে দক্ষিণবঙ্গের বেশিরভাগ জেলায় শুক্রবার ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব পশ্চিম মেদিনীপুর, পূর্ব বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়ায় অতি ভারী বৃষ্টির সতর্কতা।



এদিকে এই ঘূর্ণবর্তের জেরে বৃহস্পতিবার ভারী বৃষ্টি চলে কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ২৪ পরগনা, নদিয়া এবং ঝাড়গ্রামে। বৃহস্পতিবার দুপুর গড়াতেই তুমুল বৃষ্টি শুরু হয় কলকাতা-সহ শহরতলিতে। দু’ঘণ্টায় ১০০ মিলিমিটারের বেশি বৃষ্টি হয়েছে কলকাতার বেশ কিছু অংশে। কলকাতা পুরসভার দেওয়া হিসাব অনুযায়ী বালিগঞ্জে দুপুর এক’টা থেকে তিনটের মধ্যে ১০৭ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে। ওই একই সময়ে যোধপুরপার্কে হয়েছে ১০৫ মিলিমিটার বৃষ্টিপাত। তপসিয়ায় ৯৩ মিলিমিটার, গড়িয়ার কামডহরিতে ৬৭ মিলিমিটার, চেতলায় ৬২ মিলিমিটার, ধাপা এবং দক্ষিণের কুদঘাটে ৬১ মিলিমিটার, কালীঘাটে ৫৭ মিলিমিটার, চিংড়িহাটায় ৪৯ মিলিমিটার এবং তারাতলায় ৪৫ মিলিমিটার বৃষ্টি হয়েছে। কলকাতায় জলমগ্ন। দক্ষিণ কলকাতায় বেশ কিছু রাস্তায় এক ঘণ্টার বৃষ্টিতেই জমে যায় প্রচুর জল।

এর পাশাপাশি আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে খবর, কলকাতায় বৃহস্পতিবার সর্বনিম্ন তাপমাত্রা থিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস। যা স্বাভাবিক তাপমাত্রার থেকে ০.২ ডিগ্রি সেলসিয়াস কম। বুধবার দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৮ ডিগ্রি সেলসিয়াস। যা স্বাভাবিক তাপমাত্রার থেকে ২.২ ডিগ্রি সেলসিয়াস কম। বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ আপেক্ষিক আর্দ্রতা ৮৫ থেকে ৯৭ শতাংশ। আগামী ২৪ ঘণ্টায় শহরের তাপমাত্রা থাকবে ২৬ ডিগ্রি থেকে ৩০ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে। বৃষ্টি হয়েছে ১৩.২ মিলিমিটার।

অন্যদিকে, উত্তরবঙ্গে জারি হয়েছে অতি ভারী বৃষ্টির সতর্কতা। সঙ্গে জানানো হয়েছে দার্জিলিং থেকে কোচবিহার পর্যন্ত পাঁচ জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টি চলবে সোমবার পর্যন্ত। শনি ও রবি বৃষ্টি বাড়তে পারে নিচের দিকে জেলা মালদহ ও দিনাজপুরে। উত্তরবঙ্গের আট জেলায় বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সঙ্গে দমকা ঝোড়ো বাতাস বইবে।

সত্যমেব জয়তে
ভারত সরকার
INDIAN RAILWAYS
ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া




# পশ্চিমবঙ্গের বাসিন্দাদের প্রায় ৫,২০০ কোটি টাকার প্রকল্পের উপহার

## উদ্বোধন

শিয়ালদহ - এসপ্ল্যানেড শাখা (গ্রীন লাইন)
বেলেঘাটা – হেমন্ত মুখোপাধ্যায় শাখা (অরেঞ্জ লাইন)
নোয়াপাড়া - জয় হিন্দ বিমানবন্দর শাখা (ইয়েলো লাইন)
এবং
হাওড়া মেট্রো স্টেশনে সাবওয়ে

## মেট্রো পরিষেবার শুভ সূচনা

শিয়ালদহ – এসপ্ল্যানেড (গ্রীন লাইন)
বেলেঘাটা – হেমন্ত মুখোপাধ্যায় (অরেঞ্জ লাইন)
নোয়াপাড়া - জয় হিন্দ বিমানবন্দর (ইয়েলো লাইন)

## ভিত্তি প্রস্তর স্থাপন

৬ লেনের এলিভেটেড কোনা এক্সপ্রেসওয়ে, এনএইচ-১২

করবেন

# নরেন্দ্র মোদী

প্রধানমন্ত্রী

## উল্লেখযোগ্য বৈশিষ্ট্য এবং সুবিধা সমূহ

### মেট্রো প্রকল্প

**গ্রীন লাইন সম্প্রসারণ (শিয়ালদহ - এসপ্ল্যানেড)**
**দৈর্ঘ্য: ২·৪৫ কিঃমিঃ | খরচ: ₹১১৮৫ কোটি**

- হাওড়া ময়দান থেকে সল্টলেক সেক্টর V পর্যন্ত সম্পূর্ণ সংযুক্তি
- মেট্রোতে এখন হাওড়া ও শিয়ালদহ পৌঁছানো যাবে মাত্র ১১মিনিটে, আগে লাগত ৪৫মিনিট।
- বিবাদী বাগ, এসপ্ল্যানেড এবং সল্টলেক-নিউ টাউনের ছাত্র ও পেশাদারদের জন্য বড় সুবিধা

**ইয়েলো লাইনের শুভারম্ভ (নোয়াপাড়া-জয় হিন্দ বিমানবন্দর)**
**দৈর্ঘ্য: ৬.৭৭ কিঃমিঃ | খরচ:₹১৮৬৬ কোটি**

- কলকাতা বিমানবন্দর এখন সরাসরি মেট্রো নেটওয়ার্কের সাথে যুক্ত
- বিমানবন্দরে যাওয়ার সময় ১ঘণ্টা থেকে কমে এখন মাত্র ১০মিনিট
- দমদম ক্যান্টনমেন্টে ইন্টারচেঞ্জের মাধ্যমে শহর ও শহরতলীর মধ্যে যাতায়াত আরও সহজ হবে

**অরেঞ্জ লাইন সম্প্রসারণ (বেলেঘাটা-হেমন্ত মুখোপাধ্যায়)**
**দৈর্ঘ্য: ৪.৩৯ কিঃমিঃ | খরচ: ₹৮৭৫ কোটি**

- কবি সুভাষ থেকে বেলেঘাটা পর্যন্ত বর্তমান লাইনের সম্প্রসারণ
- বেলেঘাটা থেকে কবি সুভাষ যাওয়ার সময় কমে এখন মাত্র ২৩ মিনিট
- কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণার বাসিন্দাদের আরও বেশি সুবিধা হবে

**হাওড়া স্টেশনে নতুন সাবওয়ে**
**খরচ: ₹৪৩ কোটি**

- মেট্রো এবং পূর্ব/দক্ষিণ-পূর্ব রেলওয়ের মধ্যে নিরবচ্ছিন্ন যাতায়াত
- সময় বাঁচায়, যাতায়াতকে করে তোলে সহজ ও আরামদায়ক

**বিশ্বমানের স্টেশন এবং সুযোগ-সুবিধা**

- নতুন স্টেশন: VIP বাজার, ঋত্বিক ঘটক, বরুন সেনগুপ্ত, বেলেঘাটা, দমদম ক্যান্টনমেন্ট, যশোর রোড, জয় হিন্দ বিমানবন্দর
- সুবিধাগুলির মধ্যে রয়েছে লিফ্ট, এস্কেলেটর, পানীয় জল, আধুনিক টয়লেট ও নিরাপত্তা ব্যবস্থা

### ৬ লেনের এলিভেটেড কোনা এক্সপ্রেসওয়ে (এনএইচ-১২, দৈর্ঘ্য-৭ কিঃমিঃ, খরচ : ₹১২00 কোটিরও বেশি)

- যানজট ও যানবাহনের ধোঁয়া কমিয়ে বাতাসের মান উন্নত করে।
- ডায়মন্ড হারবার, কাকদ্বীপ, এবং বকখালির মতো গুরুত্বপূর্ণ পর্যটন কেন্দ্রগুলিতে যাতায়াত ব্যবস্থা সুগম করে পর্যটনের সম্ভাবনা বৃদ্ধি করে।
- এনএইচ-১৬, এনএইচ-১৯, এনএইচ-১১৬, এনএইচ-২ই, এবং এনএইচ-৩৪ কে যুক্ত করে, আঞ্চলিক ভ্রমণকে আরও সহজ করে তোলে।

## গৌরবময় উপস্থিতি

**ড. সি.ভি. আনন্দ বোস**
রাজ্যপাল, পশ্চিমবঙ্গ

**মমতা ব্যানার্জী**
মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ

**অশ্বিনী বৈষ্ণব**
কেন্দ্রীয় মন্ত্রী, রেল, তথ্য ও সম্প্রচার, ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রক

**শান্তনু ঠাকুর**
কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বন্দর, নৌ-পরিবহন ও জলপথ মন্ত্রক

**রবনীত সিং**
কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, রেল ও খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রক

**ড. সুকান্ত মজুমদার**
কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, শিক্ষা ও উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক

**শুভেন্দু অধিকারী**
বিরোধী দলনেতা, পশ্চিমবঙ্গ বিধানসভা

**অধ্যাপক সৌগত রায়**
সাংসদ

**শমীক ভট্টাচার্য**
সাংসদ

**তারিখ: ২২ আগস্ট, ২০২৫** | **স্থান: দমদম, কলকাতা, পশ্চিমবঙ্গ** | **সময়: দুপুর ৪:00**

DD NEWS অনুষ্ঠানটি সরাসরি দেখুন ডিডি নিউজে

# ভারতীয় রেলওয়ে

www.indianrailways.gov.in


আমাদের অনুসরণ করুন /RailMinIndia

## সম্পাদকীয়

### উদাসীন প্রশাসন, নেই সচেতনতা, জাতীয় পতাকার অসম্মান ঠেকাবে কে?

ছবিটা আমাদের সবার চেনা। ২৬ জানুয়ারি বা ১৫ আগস্ট আসলেই জাতীয় পতাকা তোলা বা টাঙানোর ধুম পড়ে যায় গোটা দেশে। কিন্তু তারপর কী দশা হয় সেই সব জাতীয় পতাকার, কেউ খোঁজ রাখে? অথচ জাতীয় পতাকা নিয়ে কিছু নির্দিষ্ট বিধিনিষেধ বা নিয়মাবলী আছে। কিন্তু কে মানছে সে সব? সদ্য ৭৯তম স্বাধীনতা দিবস পার করল দেশ। রাস্তা ঘাট, বাস, ট্রাক থেকে বাড়ির গেট, ছাদ, পাড়ার ক্লাব, পুকুর ধার, টালির চালে এখনও শোভা পাচ্ছে তিরঙ্গা। ক'দিন আগে রীতিমতো ঘটা করে তোলা হয়েছিল সেই সব জাতীয় পতাকা। কিন্তু রাত পোহাতেই সেসব পতাকার কোনওটা বৃষ্টিতে ভিজে নুয়ে পড়েছে, কোনওটা জলে ভিজে ফ্যাকাশে, রং চটা, কোথাও ছিঁড়ে গিয়ে অর্ধেক উধাও, কোথাও লাঠি ভেঙে উল্টে পতাকা, কোথাও রাস্তায় পড়ে। স্বাধীনতা দিবস পালনের পর এটাই হয় জাতীয় পতাকার হাল। প্রতি বছর ১৫ আগস্টের পর কয়েকদিন ধরে এভাবেই প্রকাশ্যে চলে জাতীয় পতাকার অসম্মান। অথচ হুঁশ নেই কারও। না প্রশাসন, না আম জনতার। মজার কথা, তোলার পর নির্দিষ্ট সময়ের পরে সেই পতাকা খুলে যে সসম্মানে রাখতে হয়, নাগরিক সমাজের একটা বড় অংশই সে বিষয়ে অন্ধকারে। অনেকে আবার জানলেও 'সময়' পান না। প্রশাসনও 'ব্যস্ত'। তাই এই অপরাধ করেও পার পেয়ে যাচ্ছে সবাই। তাহলে কী দাঁড়ালো? এভাবেই চলবে? চোখের সামনে জাতীয় পতাকার অসম্মান দেখতে হবে? প্রশাসনের কী কিছুই করার নেই? হয় এভাবে যত্রতত্র জাতীয় পতাকা তোলার হিড়িক বন্ধ করা হোক, নয়তো এ নিয়ে প্রচার আরও জোরদার করা হোক। নয়তো যে সব সংগঠন ও প্রতিষ্ঠান ঘটা করে স্বাধীনতা দিবস, প্রজাতন্ত্র দিবস পালন করছে তাঁদের জন্য গাইড লাইন তৈরি হোক, না মানলে তাঁদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হোক। বিষয়টি মাথায় রেখে সম্প্রতি কলকাতা হাইকোর্টের এক আইনজীবী জাতীয় পতাকার অসম্মান ঠেকাতে অবিলম্বে পদক্ষেপ করার জন্য কেন্দ্র এবং রাজ্য সরকারকে নোটিশ পাঠিয়েছেন। তবে তাতে কতটা কাজ হবে বলা কঠিন। তবে ইতিবাচক কাজটা কেউ অন্তত শুরু করল, এরাই আশার আলো

### শব্দবাণ-৩৬৬




শুভজ্যোতি রায়

**সূত্র—পাশাপাশি:** ১. স্পিরিট দিয়ে জামাকাপড় কাচার পদ্ধতি ৪. গাছ,বৃক্ষ ৫. খোরাক ৭. হিন্দুদের এক পদবি ৯. উপাসনা,পূজা ১১. জঙ্গলের মধ্যে তৈরি বাড়ি।

**সূত্র—উপর-নীচ:** ১. গাড়ির চালক ২. — আমার চির অচেনা পরদেশী ৩. ব্রহ্মার কন্যা সাবিত্রী ৬. প্রতারক ৮. কঠোর শাসন ১০. ভ্রান্তি।


**সমাধান: শব্দবাণ-৩৬৫**

**পাশাপাশি:** ১. আমজনতা ৩. গরল ৫. জোকার ৭. নাকচ ৮. নজর ১০. চড়াউতোর।

**উপর-নীচ:** ১. আকর ২. নওজোয়ান ৩. গহনা ৪. লম্বাচওড়া ৬. রবার ৯. জঠর।

### জন্মদিন

### আজকের দিন



শম্ভু মিত্র

১৯১৫ *বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব শম্ভু মিত্রের জন্মদিন।*
১৯৫৫ *বিশিষ্ট অভিনেতা ও রাজনীতিবিদ চিরঞ্জীবীর জন্মদিন।*
১৯৭৬ *বিশিষ্ট ওডিশি নৃত্যশিল্পী ডোনা গঙ্গোপাধ্যায়ের জন্মদিন।*

# আজ দমদমে ঐতিহাসিক মেট্রো পথ সম্প্রসারণে নরেন্দ্র মোদি

**প্রদীপ মারিক**

পৃথিবীর সর্ব বৃহৎ গণতন্ত্রের পূজারী নরেন্দ্র মোদীর সঙ্গে সমগ্র ভারতবাসীর স্বপ্নাতীত ইচ্ছা এক পৃথিবী, এক বিশ্ব, এক পরিবার, এক ভবিষ্যত যা সমগ্র বিশ্বকে সন্ত্রাসবাদ নামক শব্দটাই তৃণমূল স্তর থেকেই উৎপাটিত করতে পারবে। সন্ত্রাসবাদ, কেবল ব্যাধি নয় এটা মানবতার শত্রু। এই মানবতার শত্রুকে উৎপাটিত করতে গেলে সমগ্র বিশ্বকে মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে ভাবতে হবে। মোদির নেতৃত্বে 'অপারেশন সিঁদুর' তার জ্বলন্ত নিদর্শন। অপারেশন সিঁদুরের সাফল্যের পরে এই বঙ্গে এসেছিলেন বিশ্বনেতা নরেন্দ্র মোদি। দেশ যখন আজ বিকশিত ভারতের লক্ষ্যে এগিয়ে চলেছে, তখন বাংলার অংশীদারিত্ব প্রত্যাশিত ও অপরিহার্য যে কতটা গুরুত্বপূর্ন হয়ে উঠেছে সেটাই বুঝেছেন নরেন্দ্র মোদি। এই লক্ষ্যে কেন্দ্রীয় সরকার এখানে অবিরাম পরিকাঠামো, উদ্ভাবন ও বিনিয়োগে নতুন গতি সঞ্চার করছে। বাংলার উন্নয়ন ভারতের ভবিষ্যতের ভিত্তিপ্রস্তর। মোদি দুর্গাপুরে বললেন, 'ভারতের বিকাশে দুর্গাপুরের ভূমিকা গুরুত্বপূর্ণ। দুর্গাপুর ভারতের শ্রমশক্তির বড় কেন্দ্র। পাশাপাশি রাজ্য জুড়ে বিকাশ হচ্ছে। বহু মানুষের রোজগার নিশ্চিত হবে। কলকাতা মেট্রো দ্রুত বিস্তার হবে। দুর্গাপুরের পর এবার কলকাতায়। দুর্গাপুজোর আগে বাংলার জন্য ঐতিহাসিক উপহারের ডালি দিতে প্রস্তুত নরেন্দ্র মোদি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দমদম থেকে তিনটি নতুন মেট্রোপথের উদ্বোধন করবেন তিনি। মেট্রোর নতুন তিনটি রুটের উদ্বোধন। মেট্রো চেপে প্রধানমন্ত্রী নোয়াপাড়া থেকে বিমানবন্দরের উদ্দেশে রওনা হবেন, তার পরে যশোহর রোড মেট্রো স্টেশনে তিনি ফিরে আসবেন। সেখান থেকে সড়কপথে প্রধানমন্ত্রী রওনা হবেন দমদম সেন্ট্রাল জেল মাঠের দিকে। তিনটি রুটে মেট্রো চলাচল শুরু হবে;শিয়ালদা - এসপ্ল্যানেড, বেলেঘাটা - হেমন্ত মুখোপাধ্যায় (রুবি), এবং নোয়াপাড়া - জয় হিন্দ (বিমানবন্দর)। এছাড়াও ওই দিন প্রধানমন্ত্রী হাওড়া মেট্রো স্টেশনের সাবওয়ে-এরও উদ্বোধন করবেন। রেল জানিয়েছে, চলতি বছরের বাজেটে পশ্চিমবঙ্গ পেয়েছে ১৩,৯৫৫ কোটি টাকা। বর্তমানে বাংলায় রেল পরিষেবা ও পরিকাঠামো উন্নয়নের জন্য ৮৩,৭৬৫ কোটি টাকার প্রকল্প কাজ চলছে। এর মধ্যে, ১০১টি স্টেশনকে বিশ্বমানের স্টেশন হিসেবে গড়ে তোলার কাজ চলছে। ইতিমধ্যেই ৯টি বন্দে ভারত ও ২টি অমৃত ভারত ট্রেন চালু হয়েছে। বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, যশোর রোড থেকে বিমানবন্দর পর্যন্ত মেট্রোর ফ্ল্যাগ-অফ করবেন প্রধানমন্ত্রী। এরপর সরকারি কর্মসূচি শেষে পরিবর্তন সভায় যোগ দেবেন। রাজ্যের জমি নীতি ও অসহযোগিতার কারণে ৪৩টি রেল প্রকল্প আটকে আছে। চিংড়িহাটায় তিনটি পিলারের কারণে সেক্টর ৫,এর সঙ্গে কলকাতার সংযোগ বিচ্ছিন্ন। জমি জট, নাম পরিবর্তন ও তহবিলের অভাবে বহু প্রকল্প থমকে রয়েছে। শমীক ভট্টাচার্যের দাবি, 'প্রধানমন্ত্রী বাংলার উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু রাজ্য সরকারের মোদী বিরোধিতা ও কেন্দ্র বিরোধিতার কারণে সাধারণ মানুষই বঞ্চিত হচ্ছেন।' প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দমদমে সমাবেশ করবেন। সেই সমাবেশকে সফল করার আহ্বান জানিয়ে উত্তর কলকাতা সাংগঠনিক জেলার ডাকে লেবুতলায় সভায় উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি বলেছেন, তআলিপুরদুয়ার, দুর্গাপুরের পরে বিশ্বের জনপ্রিয়তম রাজনৈতিক ব্যক্তিত্ব, আমাদের প্রধানমন্ত্রী বৃহত্তর কলকাতার দমদমে আসছেন। আমরা চ্যালেঞ্জ নিয়েছি, শুধু কলকাতা এবং আশেপাশের এলাকা থেকে লক্ষাধিক মানুষের জমায়েত করব।'





দেশবাসীর বিকাশ নির্ভর করে যোগাযোগ ব্যবস্থার উন্নতির ওপর। জম্মু কাশ্মীরের গণতন্ত্র প্রতিষ্ঠিত করেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নতুন জম্মু রেলওয়ে বিভাগের উদ্বোধন করলেন, যা এই অঞ্চলের রেল পরিকাঠামোতে এক যুগান্তকারী পদক্ষেপ হিসাবে চিহ্নিত হল। জম্মু ও কাশ্মীরকে ভারতের অর্থনৈতিক ও সামাজিক মূলধারার সাথে একত্রিত করার ক্ষেত্রে এই নতুন রেলওয়ে বিভাগের উদ্বোধন তাই তাৎপর্য পূর্ণ হয়ে উঠলো। আঞ্চলিক উন্নয়নের প্রতি সরকারের প্রতিশ্রুতির পুনর্নিশ্চিতকরণের মাধ্যমে জম্মু ও কাশ্মীরকে ভারতের বৃদ্ধির গতিপথের সাথে সংযুক্ত করার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হয়ে উঠবে। নতুন জম্মু রেলওয়ে বিভাগ একটি গুরুত্বপূর্ণ জংশনে পরিণত হতে চলেছে, যা এই অঞ্চলে অর্থনৈতিক উন্নতির সঙ্গে যাত্রী ও মালবাহী ট্রেন চলাচল বৃদ্ধি পাবে। বন্দে ভারত ট্রেনের প্রবর্তন এবং সংগালদানের মতো ছোট স্টেশনগুলির মাধ্যমে সংযোগ বাড়ানো, আঞ্চলিক উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ কেন্দ্রে রূপান্তরিত করবে এই বিভাগ। রেলের পরিকাঠামো উন্নতির জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দৃষ্টিভঙ্গি এবং প্রয়াস কে প্রশংসা করেছেন জম্মু কাশ্মীরের জনগণ। ৭৪২.১ কিলোমিটার দীর্ঘ জম্মু রেলওয়ে বিভাগ পাঠানকোট, জম্মু, উধমপুর, শ্রীনগর এবং বারামুল্লা'র পাশাপাশি ভোগপুর সিরওয়াল-পাঠানকোট, বাটালা-পাঠানকোট এবং পাঠানকোট-জোগিন্দর নগর নিয়ে গঠিত হয়েছে। ১৯৭২ সালে জম্মু রেলওয়ে স্টেশনে এসেছিল প্রথম ট্রেন কিন্তু তার পরে ৫০ বছর ধরে কোনও অগ্রগতি হয়নি, প্রশাসনিক অদক্ষতা, রাজনৈতিক সদিচ্ছার অভাব দেখিয়ে তদানিন্তন কংগ্রেস সরকার কাশ্মীরকে ভারতের বাকি অংশের সাথে রেল যোগাযোগের মাধ্যমে একত্রিত করার আশানুরূপ সদিচ্ছা দেখায় নি। নরেন্দ্র মোদি প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব নেওয়ার পর ৫০ বছরের ব্যবধানে জম্মু কাশ্মীরে রেলের সম্প্রসারণ কাজ পুনরায় শুরু করেন যা অর্ধ শতাব্দীরও বেশি সময় অপেক্ষা করতে হয়েছিল। ২০২৩-২৫ সালে ক্যাপেক্সের পরিপূরক হিসাবে ৩,২৬০ কোটি রুপি নেট রাজস্ব তৈরি রেল মন্ত্রকের বিজ্ঞপ্তিত উল্লেখিত হয়েছে। এই বছরের ই বাজেটে, শিল্প উন্নয়নের জন্য অতিরিক্ত তহবিল বরাদ্দ করা হয়েছে, কৌশলগত নোডগুলিতে শিল্প ক্লাস্টারগুলি বিকাশের জন্য প্রয়োজনীয় অবকাঠামোকে সমর্থন করে বিশাখাপত্তনম-চেন্নাই শিল্প করিডোরে কোপার্থি, অন্ধ্রপ্রদেশের হায়দ্রাবাদ-বেঙ্গালুরু শিল্প করিডোরে ওরভাকল, এবং অমৃতসর-কলকাতা ইন্ডাস্ট্রিয়াল করিডোরে গয়া বিহারকে যুক্ত করা হয়েছে। ভারতীয় রেলওয়ে প্রধানমন্ত্রী গতি শক্তি মিশনের অধীনে অবকাঠামো উন্নয়নের জন্য একটি নতুন পদ্ধতি গ্রহণ করেছে, তিনটি অর্থনৈতিক রেল করিডোর চিহ্নিত করেছে। শক্তি, খনিজ এবং সিমেন্ট করিডোর (১৯২ প্রকল্প), বন্দর সংযোগ করিডোর (৪৩ প্রকল্প) এবং উচ্চ ট্রাফিক ঘনত্ব করিডোর (২০০ প্রকল্প)। সরকারের অগ্রাধিকারের ক্ষেত্রগুলি হল ক্ষমতা বৃদ্ধি, উচ্চ-ঘনত্বের নেটওয়ার্কগুলির যানজট কমানো, লজিস্টিক খরচ হ্রাস করা, যাত্রীদের অভিজ্ঞতা বাড়ানো এবং তাদের নিরাপত্তা নিশ্চিত করা। শ্রী গুরু গোবিন্দ সিং-জির জয়ন্তী উপলক্ষে মোদি বলেছেন, গুরু গোবিন্দের শিক্ষা ও জীবন শক্তিশালী সমৃদ্ধ দেশের ভাবনাকে অনুপ্রাণিত করেছে। যোগাযোগের ক্ষেত্রে ভারতের দ্রুত অগ্রগতির প্রশংসা করে মোদি বলেছেন, ২০২৫-এর শুরু থেকে ভারত তার উদ্যোগে গতি এনেছে, মেট্রো রেল নেটওয়ার্ক ১ হাজার কিলোমিটারের বেশি প্রসারের মাধ্যমে। দিল্লি মেট্রো প্রকল্পের উদ্বোধনের পাশাপাশি দিল্লি-এনসিআর-এর জন্য নমো ভারত ট্রেনের উদ্বোধন করেছেন মোদি। সমগ্র দেশ একসঙ্গে পায়ে পায়ে এগিয়ে যাচ্ছে রেল সম্প্রসারণ এবং আধুনিকতার জন্য। জম্মু ও কাশ্মীর, ওড়িশা ও তেলেঙ্গানায় প্রকল্পের সূচনা উত্তর পূর্ব এবং দক্ষিণাঞ্চলে আধুনিক যোগাযোগের ক্ষেত্রে একটি বড় পদক্ষেপ। দেশবাসীর স্বার্থে মোদি, 'সবকা সাথ, সবকা বিকাশ'-এর মন্ত্র উন্নত ভারতের স্বপ্নকে বাস্তবে পরিণত করতে সাহায্য করছে। ডেডিকেটেড ফ্রেট করিডরের মতো আধুনিক রেল নেটওয়ার্কের কাজ দেশের অগ্রগতিকে ত্বরান্বিত করছে। এইসব বিশেষ করিডর রেললাইনের ওপর চাপ কমাবে এবং হাই-স্পিড ট্রেনের জন্য আরও সুযোগ তৈরি করবে। মেড ইন ইন্ডিয়া-র আদর্শে রেলও রূপান্তরের মধ্য দিয়ে যাচ্ছে। মেট্রো এবং অন্য ট্রেনের জন্য আধুনিক কামরা তৈরি হচ্ছে, স্টেশনগুলিকে ঢেলে সাজানো হচ্ছে, স্টেশনে স্টেশনে সৌর প্যানেল বসানো হচ্ছে, রেলওয়ে স্টেশনগুলিতে 'এক স্টেশন, এক পণ্য'-এর স্টল বসানো হচ্ছে। এইসব উদ্যোগ রেলওয়ে ক্ষেত্রে কর্মসংস্থানের নতুন নতুন সুযোগ তৈরি করছে। মোদি বলেছেন, 'গত এক দশকে কয়েক লক্ষ তরুণ-তরুণী রেলে সরকারি স্থায়ী চাকরি পেয়েছেন। নতুন ট্রেনের কামরা তৈরির জন্য কারখানাগুলিতে কাঁচামালের চাহিদা অন্যান্য ক্ষেত্রেও কর্মসংস্থানের সুযোগ এনে দিয়েছে।' রেলের বিশেষ দক্ষতার কথা মাথায় রেখে কেন্দ্রীয় সরকার দেশের প্রথম গতি শক্তি বিশ্ববিদ্যালয়ও স্থাপিত করেছে। রেলওয়ে নেটওয়ার্ক যত প্রসারিত হচ্ছে, তত নতুন নতুন ডিভিশন, সদর দপ্তর স্থাপিত হচ্ছে। এতে উপকৃত হচ্ছে জম্মু, কাশ্মীর, হিমাচল প্রদেশ, পাঞ্জাব এবং লেহ-লাদাখের মতো অঞ্চলগুলি। উধমপুর-শ্রীনগর-বারামুলা রেললাইন নিয়ে সারা দেশে আজ আলোচনা হচ্ছে। চেনাব সেতু সম্পূর্ণ হলে বিশ্বের সর্বোচ্চ রেলওয়ে এই আর্চ ব্রিজ সংশ্লিষ্ট অঞ্চলকে ভারতের বাকি অংশের সঙ্গে জুড়তে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। লেহ-লাদাখের মানুষের যাতায়াতের সুবিধা হবে। দেশের প্রথম কেবল-ভিত্তিক রেলওয়ে সেতু আঞ্জিখার ব্রিজ এই প্রকল্পেরই অংশ। চেনাব সেতু এবং আঞ্জিখার সেতু ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে একটি নজির যা এই অঞ্চলের সমৃদ্ধি এবং অর্থনৈতিক অগ্রগতির পথ প্রশস্ত করছে। বিগত এক দশকে উড়িষ্যায় রেল যোগাযোগ বাবস্থ্যা প্রভূত উন্নতি করেছে মোদি সরকার। উড়িষ্যায় প্রচুর প্রাকৃতিক সম্পদ এবং দীর্ঘ উপকূল আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে ভারতের উন্নতির জন্য গুরুত্বপূর্ণ সম্ভাবনা অঞ্চল হয়ে উঠেছে। বর্তমানে ৭০ হাজার কোটি টাকার বেশি মূল্যের একাধিক রেল প্রকল্প ওই রাজ্যে চলছে। সাতটি গতি শক্তি কার্গো টার্মিনালের কাজ হচ্ছে যা শিল্প ও বাণিজ্যের প্রসার ঘটাবে। এরই মধ্যে মোদি ওড়িশার রায়গড়া রেলওয়ে ডিভিশনের শিলান্যাস করে রাজ্যের রেলওয়ে পরিকাঠামো বৃদ্ধির মাধ্যমে পর্যটন, বাণিজ্য এবং কর্মসংস্থানের প্রসার ঘটালেন এই ফলে দক্ষিণ উড়িষ্যায় যেখানে আদিবাসী মানুষের বাস বেশি তারাই বেশি উপকৃত হবেন। তেলেঙ্গানায় চারলাপল্লীতে অন্যতম নতুন মডেল টার্মিনাল স্টেশনের উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, আউটার রিং রোডের সঙ্গে সংযুক্ত করার মাধ্যমে আঞ্চলিক উন্নয়নের সম্ভাবনা বৃদ্ধি পাবে। এই স্টেশন আউটার রিং রোডের সঙ্গে যুক্ত হয়ে উল্লেখযোগ্য উন্নতি ঘটাবে। নতুন টার্মিনালটি সেকেন্দ্রাবাদ, হায়দরাবাদ, কাছিগুড়া স্টেশনের ওপর চাপ কমাবে এর ফলে মানুষের যাতায়াত সহজ হবে। ,বর্তমানে মেট্রো পরিষেবা পাঁচটি শহর থেকে বেড়ে দেশের ২১টি শহরে ছড়িয়ে পড়েছে। দেশের প্রতিটি নাগরিকের স্বপ্নের বিকশিত ভারতের লক্ষ্যে একটি বৃহত্তর পথমানচিত্রের অঙ্গ এই প্রকল্পগুলি। ভারতের উন্নয়নে আস্থা প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেছেন, সমগ্র ভারতবাসী একসঙ্গে এই অগ্রগতিকে আরও বাড়িয়ে নিয়ে যেতে পারব। তিনি এই মাইলফলকের জন্য ভারতের নাগরিকদের অভিনন্দন জানান এবং দেশ গঠনে সরকারের প্রতিশ্রুতি পুনরায় ব্যক্ত করেন। সমগ্র দেশ বাসীর কথা ভাবেন মোদি। মোদির জন্যই ভারতবর্ষ ইতিমধ্যেই বিশ্বের তৃতীয় বৃহত্তম মেট্রো নেটওয়ার্কের আবাসস্থল হয়ে উঠেছে, ১১ টি রাজ্য এবং ২৩ টি শহরে ১,০০০ কিলোমিটারেরও বেশি জুড়ে রয়েছে মেট্রো রেলওয়ে , যা দেশের লক্ষ লক্ষ মানুষকে দ্রুত, সহজ এবং সাশ্রয়ী মূল্যের ভ্রমণের উপায় প্রদান করে ভারত ২০২২ সালেই মেট্রো রেল প্রকল্পগুলিতে জাপানকে ও ছাড়িয়ে গেছে। বর্তমানে, ভারত কার্যকরী মেট্রো নেটওয়ার্কে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মেট্রো নেটওয়ার্ক হওয়ার পথে এগিয়ে চলেছে। ভারতীয় জনতা পার্টির যাদবপুর মহিলা মোর্চার সাধারণ সম্পাদিকা, দক্ষিণ পূর্ব রেলের শিয়ালদহ শাখার রেল উন্নয়নের সদস্য, দক্ষিণ ২৪ পরগনার আর এস এসের হিন্দু জাগরণ মঞ্চ, রাষ্ট্রীয় জনশক্তি মঞ্চ, সনাতনী সেবক সংঘের কার্যকরী দায়িত্ব প্রাপ্ত সদস্য মহুয়া উপাধ্যায় পাল মনে করেন, ১৪০ কোটি ভারতবাসীর উন্নতির কথা ভাবেন একমাত্র মোদি'র নেতৃত্বে এনডিএ সরকার। বিগত এক দশকে উন্নত প্রযুক্তির মাধ্যমে রেলের পরিকাঠামোর উন্নতি করে মোদি, 'সবকা সাথ সবকা বিকাশ' ত্বরান্বিত করেছেন। মোদি হলেন বিশ্ববরেণ্য সেই শীর্ষ নেতা, যিনি প্রত্যেকটি ভারতবাসীর জন্য যা বলেন সেই কাজ'ই করে দেখান।

# অযোনী সম্ভুতা মা কৌশিকী

**স্বর্গের দুয়ার খুলে যায় কৌশিকী অমাবস্যায়- তারাপীঠ-কঙ্কালীতলা-কিরিটেশ্বরী তিন সতী পীঠে প্রায় কোটি ভক্তের ঢল**

**বৈদিক পণ্ডিত ইন্দ্রনীল মুখোপাধ্যায়**

১৮৬৭ সাল ।

আটলা গ্রামের বামা চরন।

৩০ বছর বয়সী।

এক মাতৃভক্ত পাগল সাধক।

ভাদ্র মাসের অমাবস্যা র রাত। নিশি কাল, ঘনান্ধকার আটলা গ্রাম আর মল্লার পুরের শ্মশান। ঘোর অন্ধকার। শ্মশানে র অর্ধদাহ শব। পোড়া কাঠ । বিষধর সর্প। বন্য শৃগাল। বন্য শুকরে র তান্ডব। সদ্য

মন্দিরে র দীপ নিভে গেছে, মায়ের আরতি শেষে।

যেখানে রক্তিম স্পন্দন, সংঘর্ষ, গতি, যেখানে উদ্যম, চিন্তা, কাজ,
সেখানেই সূর্য, পৃথিবী, বৃহস্পতি, কালপুরুষ, অনন্ত আকাশগ্রন্থি,
শত-শত বন্য শৃগাল শূকরের চিৎকার সেখানে,
শত-শত শূকরীর প্রসববেদনার আড়ম্বর এই সব ভয়াবহ শ্মশান দৃশ্য!
জনমানব শূন্য ঐ মল্লার পুর।

তন্ত্র সাধনায় সিদ্ধি লাভার্থে, ব্যাকুল বামাচরনের, গগন ভেদি চিৎকার , জয় তারা, জয় জয় তারা । মা মা মা , ধ্বনি উচ্চারিত।

শ্বেত শিমুলের তলায়, লক্ষ মন্ত্র উচ্চারণ,পুন্য তিথি কৌশিকী অমাবস্যা য় সিদ্ধি লাভ করলেন পাগল ক্ষ্যাপা বামাচরন।

মা ত্বং হি তারা।
মা ত্বং হি তারা।
মা ত্বং হি তারা।

দেবী কালিকা র শরীরের কৃষ্ণ বর্ণ কোষ থেকে -- অযোনি সম্ভুতা,
জন্ম হলো , আদি শক্তি কৌশিকী।
না অন্ডজ। না গর্ভজ।
মহা পরাক্রমশালী অসুর দ্বয় শুম্ভ ও নিশুম্ভ কে বিনাশ কল্পে-----
সৃষ্টি হলেন মা কৌশিকী।
মা তারা কালরূপিকা।
নীলসরস্বতী প্রত্যালীঢ়পদা, শব বক্ষে বামপদ স্থাপিতা।
মা তারা ভয়ঙ্করী।
মুণ্ডমালাভূষিতা,
লম্বোদরী,
কঙ্কালে ব্যাঘ্রচর্মাবৃতা,

নবযৌবনা, পঞ্চমুদ্রা শোভিতা, চতুর্ভুজা, লোলজিহ্বা, মহাভীমা, বরদা, খড়্গ কাতরি দক্ষিণহস্তে ধৃতা, বামহস্তদ্বয়ে কপাল ও নীলপদ্ম, পিঙ্গলবর্ণ একজটা ধারিণী, শিব অক্ষোভ্য প্রভাতসূর্যের মতো গোলাকার

পাদুকা রত্ন বেষ্টিত।

বৃহদ্ধর্ম পুরান, শ্রী শ্রী চন্ডী, কালিকা পুরাণ ও তন্ত্র সার কথিত বৈদিক মহামন্ত্র।

অশুভ শক্তি বিনাশের তিথি কৌশিকী অমাবস্যা। ভগবান ব্রহ্মার বর প্রাপ্তির পর শুম্ভ-নিশুম্ভের অত্যাচারের মাত্রা বেড়ে যায়। শুম্ভ-নিশুম্ভের অত্যাচারে ত্রিলোক, বিশেষতঃ দেবলোক অশান্ত হয়ে ওঠে। সেই অত্যাচারে অতিষ্ঠ এবং ভীত হয়ে দেবতাগণ অশুভ শক্তির বিনাশ এবং ত্রিলোকে শান্তি স্থাপনের উদ্দেশে দেবী পার্বতীর শরণাপন্ন হন।

দশমহাবিদ্যা শক্তি সহ আবির্ভাব হয় অযোনি সম্ভুতা মা কৌশিকী র । মূহুর্তে নাশ হয় আসুরিক শক্তির। শুভ শক্তির উত্থান হয় ।

ঋষি শ্রেষ্ঠ বশিষ্ঠ মুনি তারাপীঠে সাধনা করেছিলেন এবং সিদ্ধিলাভ করেছিলেন। প্রচলিত কিংবদন্তি অনুসারে, বশিষ্ঠ মুনি মহাচীন থেকে তারাপীঠে এসে তারা মায়ের তন্ত্র পূজা শুরু করেন এবং লক্ষ লক্ষ মন্ত্র তান্ত্রিক উপাচার সহ



কঠোর তপস্যার মাধ্যমে দেবী তারার দৈব দর্শন লাভ করেন।

লোকশ্রুতি আছে,

বশিষ্ঠ মুনি তারা মায়ের কাছে মাতৃরূপ দর্শনের বর চেয়েছিলেন, যা তিনি সমুদ্রমন্থনের পর শিবকে স্তন্যপান করানোর সময় পেয়েছিলেন ।

বশিষ্ঠ মুনি সপ্তর্ষিদের মধ্যে অন্যতম। তিনি ঋগ্বেদের সপ্তম মণ্ডলের প্রধান রচয়িতা ছিলেন। তারাপীঠে বশিষ্ঠ মুনির সাধনা এবং সিদ্ধিলাভের সময় ও ছিল ভাদ্র মাসের কৌশিকী অমাবস্যা তিথি। তবশিষ্ঠারাধিতা।দ প্রচলিত অন্য মতে কোজাগরী পূর্ণিমা তিথিতে মুনি শ্রেষ্ঠ বশিষ্ঠ সিদ্ধি লাভ করেন।

মা তারা আসলে কে? সত্যিই কি তিনি হিন্দুদের দেবী? নাকি বৌদ্ধদের দেবী? আর এই বশিষ্ঠই কি রামায়ণে রঘুবংশের গুরু; সপ্ত ঋষির এক ঋষি সেই পুরাণের বশিষ্ঠ? নাকি সম্পূর্ণ অন্য কোনো সাধক ? এই কাহিনীটি পাওয়া যায় তন্ত্রের দুটি প্রাচীন গ্রন্থ; রুদ্রযামল ও চীনাচার সারতন্ত্রে। আর কালিকাপুরাণ এই বশিষ্ঠকেই ঐ পুরাণের বশিষ্ঠ ঋষি বলেছেন।

ভাদ্র মাসের কৌশিকী অমাবস্যায়, তন্ত্রপীঠ তারাপীঠে, মা তারার সকাল সন্ধ্যা য় রাজবেশে পূজা করা হয়।

শোল মাছের পোড়া, আমিষ, নিরামিষ, অন্ন ভাত, শীতল ভোগ, লুচি, নানান সন্দেশ সহ পীঠা ,ছয় রকমের মিষ্টান্ন, পায়েস, অম্বল-- টক, হবে নানান ছোট মাছের।

পূজা হোম যজ্ঞানুষ্ঠান অমাবস্যা র শুভারম্ভ কাল থেকে সমাপ্তি পর্যন্ত, হবন অমাবস্যায় নিশিরাত ধরে হয়। ভক্তরা মন্ত্র পাঠ, ধ্যান, এবং আরতি-র মাধ্যমে দেবীর কৃপা লাভের প্রার্থনা করেন।

২০২৫ কৌশিকী অমাবস্যা তিথি
২২ শে আগষ্ট। শুক্রবার।
তিথি শুরু বেলা ১১/৫৬ মিঃ
অমাবস্যা শেষ ২৩ শে আগষ্ট
বেলা ১১/২৪ মিঃ শনিবার।

মা ত্বং হি তারা।
মা ত্বং হি তারা।
মা ত্বং হি তারা।

কঙ্কালীতলায় কৌশিকী অমাবস্যা

বোলপুর শান্তি নিকেতনে কঙ্কালীতলা সতী পীঠে অমাবস্যার এই বিশেষ তিথিকে কেন্দ্র করে সেজে ওঠেন মা কঙ্কালী। তন্ত্র সাধক,ভক্ত, সাধু-সন্নাসীর আগমনে মুখরিত হয় বৈদিক মহামন্ত্র। বাউল, লোকগীতি-সহ নানা সংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন থাকে।

আলোক সজ্জায় সজ্জিত হয় সতী পীঠ মন্দির-চত্বর। তিন দিন ধরে দু'বেলা ভান্ডারা দেওয়া হয়। কয়েক লক্ষ মানুষের সমাগম হয়। সতীপীঠ কঙ্কালীতলায় পড়েছিল মা সতীর কাঁখ বা কাঁকাল। যে স্থানে কাঁকালটি পড়ে সেখানে মাটি ধসে গিয়ে গর্ত হয়ে যায়। কোপাই নদীর জল এসে গর্তে পড়ে কুণ্ডের সৃষ্টি হয়। পাশেই স্বয়ং কাশীনাথ রুরু ভৈরব ও কাঞ্চেশ্বর।

অমাবস্যায় এই কুণ্ডের চারপাশেই যজ্ঞ করেন দূর-দূরান্ত থেকে আসা তন্ত্র সাধক ও সাধু-সন্ন্যাসীরা। এ ছাড়াও কঙ্কালীতলা মহাশ্মশানে ও সারারাত ধরে হবনাদি যজ্ঞ হয়। সকালবেলায় মাকে স্নান করিয়ে সংকল্প করানো হয়। ফুলে-মালায় মা যেন হয়ে ওঠেন এক সদাজাগ্রত করুনাময়ি ষোড়শী দেবী ।

সতীপীঠ মা কিরিটেশ্বরী নতুন রূপে কৌশিকী অমাবস্যায় সেজে ওঠেন।

হিন্দু -- বৌদ্ধ -- মুসলিম তিন সম্প্রদায়ের মন্দির।পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার লালবাগ কোর্ট রোড রেলওয়ে স্টেশনের ৩ মাইল দূরে 'কিরীটকণা' (বা 'কিরীটকোণা') গ্রামে অবস্থিত। রাঢ় বাংলার প্রাচীন পীঠস্থানগুলির মধ্যে কিরীটকণা অন্যতম; তান্ত্রিকমতে, ভগবান শ্রী বিষ্ণু র চক্রে এখানে দেবী সতীর 'কিরীট' মুকুট পতিত তাই এই স্থানকে অনেক তন্ত্রবিদ্ 'পূর্ণ পীঠস্থান' না বলে 'উপপীঠ' বলে থাকেন।

এই পীঠে দেবী 'বিমলা' এবং তার ভৈরব 'সম্বর্ত' নামে পূজিত হন শ্রী শ্রী কিরীটেশ্বরী মাতা।

এটি ৫১ পীঠের এক পীঠ। বহু প্রাচীন এই মন্দিরে রানী ভবানী রক্ষণাবেক্ষণ এর দায়িত্বে ছিলেন, প্রায় ধ্বংস হয়ে যাওয়া মন্দিরটি ঊনবিংশ শতকে নতুন করে সংস্কার করেন লালগোলার মহা রাজা দর্পনারায়ন।

কিরীটেশ্বরী পবিত্র তীর্থ শক্তিপীঠ

বেঈমান নবাব মীরজাফর কুষ্ঠ ব্যাধি থেকে মুক্তি পেতে মায়ের চরনামৃত পান করতে চেয়েছিলেন, কিন্তু ভাগ্য বিধি বাম, মা কিরিটেশ্বরী র শ্রী চরনামৃত পান করার পুর্বে ই দেহ রাখে বেঈমান মীরজাফর।

মাতৃ দেবী শিলাস্বরূপা, লাল রঙের শিলাকে মাতৃ জ্ঞানে পূজা করা হয়, শিলাটি একটি আবরণ দ্বারা আচ্ছাদিত থাকে,প্রতি বছর দূর্গা অষ্টমীতে এই আবরণ টি পরিবর্তন করা হয়।

মা কিরীটেশ্বরী হাজার বছর ধরে তান্ত্রিক মহা পীঠ হিসাবে রাঢ় অঞ্চলে প্রসিদ্ধি লাভ করেছে গুপ্ত সম্রাটরা শক্তি উপাসক ছিলেন এই রাঢ় এলাকা তাদের রাজেত্বে। লালগোলার রাজা ভগবান রায় মুঘল সম্রাট আকবরের কাছ থেকে এই মন্দিরের রক্ষণাবেক্ষণ দায়িত্ব প্রাপ্ত হন,পরবর্তীতে এই ভগবান রায়ের পৌত্র দর্পনারায়ন মন্দির পরিচালনার দায়িত্ব নেন, তিনি মূল মন্দিরটি সংস্কার করেন এবং পাশে কালী সাগর নামে পুস্করিণীও খনন করেন । প্রায় ২৭/২৮ বছর ধরে শ্রী দিলীপ ভট্টাচার্য মন্দিরে নিত্য পুজো তান্ত্রিক আচার সহ করে থাকেন।


মা ত্বং হি তারা।
মা ত্বং হি তারা।
মা ত্বং হি তারা ।

# রাহুলের ভয়ে মুখ খুলতে পারেন না তরুণ প্রতিভাবানরা

## বাদল অধিবেশনের শেষ দিনে আক্রমণ মোদীর

**নয়াদিল্লি, ২১ অগস্ট:** কেন্দ্রের শরিকদের সঙ্গে বাদল অধিবেশনের শেষদিনে আলোচনায় বসেছিলেন প্রধানমন্ত্রী। সেখানে বিরোধীদের বিঁধতে গিয়েই পরিবারতন্ত্র এবং রাহুল গান্ধিকে তুলোধোনা করেছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, বিরোধীদের মধ্যে একাধিক নেতা রয়েছেন যাঁরা অত্যন্ত প্রতিভাবান। কিন্তু তাঁদেরকে ঘিরে নিরাপত্তাহীনতায় ভোগেন রাহুল গান্ধি!





বৈঠকে তিনি বলেন, বিরোধী দলগুলির মধ্যে বেশ কয়েকজন সম্ভাবনায় নেতা রয়েছেন। বিশেষত কংগ্রেসে। কিন্তু তাঁদের কথা বলার অনুমতিটুকুও মেলে না। তার অন্যতম কারণ হল গান্ধি পরিবারের নিরাপত্তাহীনতা। বিরোধীদের এই নেতাদের নিয়ে আতঙ্কে ভোগেন রাহুল গান্ধি। তাঁর কারণেই প্রতিভাবান নেতারা মুখ খুলতে পারেন না। উল্লেখ্য, এই বৈঠকে কোনও বিরোধী সাংসদ হাজির ছিল না। গোটা বাদল অধিবেশনে বিরোধীদের ভূমিকা নিয়ে যথেষ্ট অসন্তোষ প্রকাশ করেছেন মোদী। বৈঠকে তিনি বলেন, কেবল বিশৃঙ্খলা ছড়াতেই ব্যস্ত ছিল বিরোধীরা। তবে বাদল অধিবেশনে একাধিক বিল পাশ করানো গিয়েছে। এই বিষয়টিতে যথেষ্ট সাফল্য এসেছে এই বাদল অধিবেশনে।

# উপরাষ্ট্রপতি পদে মনোনয়ন পেশ সুদর্শন রেড্ডির

**নয়াদিল্লি, ২১ অগস্ট:** বৃহস্পতিবার সকালে উপরাষ্ট্রপতি পদে নির্বাচনের জন্য মনোনয়ন জমা দেন সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি বি সুদর্শন রেড্ডি। কংগ্রেস প্রেসিডেন্ট মল্লিকার্জুন খাড়গে, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধি এবং কংগ্রেসের সংসদীয় কমিটির চেয়ারপার্সন সোনিয়া গান্ধিকে পাশে নিয়ে মনোনয়ন জমা দেন তিনি। নাম ঘোষণা হওয়ার পরেই, দল নির্বিশেষে সমর্থন পাওয়ার আশা প্রকাশ করেন রেড্ডি। এই নির্বাচনকে সংখ্যার উপরে উঠে আদর্শের প্রতিযোগিতা হিসেবে তুলে ধরার চেষ্টা করেন তিনি। মনোনয়ন জমা দেওয়ার আগে তিনি বলেন, 'সংখ্যা গুরুত্বপূর্ণ অবশ্যই, আমি আশাবাদী। যেহেতু আমি কোনও রাজনৈতিক দলের সদস্য নই, তাই আমার বিশ্বাস সবাই আমাকে সমর্থন করবে, আমি গতকালই স্পষ্ট করে বলেছি। এটি আদর্শের লড়াই।'



বুধবার এনডিএ-র শক্তি প্রদর্শনের পরে বৃহস্পতিবার একই পথে হাঁটল ইন্ডিয়া জোট। মনোনয়ন জমা দেওয়ার সময়ে রেড্ডির সঙ্গে ছিলেন এনসিপি নেতা শরদ পাওয়ার, সমাজবাদী পার্টির সাংসদ রাম গোপাল যাদব, ডিএমকে সাংসদ ত্রিচুরি শিবা, শিবসেনা (ইউবিটি) সাংসদ সঞ্জয় রাউত এবং ইন্ডিয়া জোটের অন্যান্য নেতারা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে বুধবার উপরাষ্ট্রপতি পদের মনোনয়ন জমা দেন এনডিএ প্রার্থী চন্দ্রপুরম পোন্নুসামি রাধাকৃষ্ণণ। শুধু মোদীই নন, মনোনয়ন জমা দেওয়ার সময় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-সহ একাধিক কেন্দ্রীয় মন্ত্রী উপস্থিত ছিলেন। এছাড়াও ছিলেন বিজেপি সভাপতি জেপি নাড্ডা। আগামী ৯ সেপ্টেম্বর উপরাষ্ট্রপতি নির্বাচন।

# ইংল্যান্ডে প্যালেস্তাইনপন্থী সংগঠনকে 'সন্ত্রাসী' তকমা, গ্রেপ্তার শতাধিক


**লন্ডন, ২১ অগস্ট:** প্যালেস্তাইনপন্থী সংগঠন 'প্যালেস্তাইন অ্যাকশান'কে সন্ত্রাসবাদী সংগঠনের তকমা দেওয়ায় বিক্ষোভে উত্তাল ইংল্যান্ড। দেশের বিভিন্ন প্রান্তে পথে নামছেন হাজার হাজার মানুষ। এখনও পর্যন্ত কমপক্ষে ১০০ জন বিক্ষোভকারীকে গ্রেপ্তার করেছে পুলিশ। প্যালেস্তাইনপন্থী সংগঠন ডিফেন্ড আওয়ার জুরি এক্স হ্যান্ডেলে অভিযোগ করেছে, 'ইংল্যান্ড সরকার প্যালেস্তিনীয়দের বিরুদ্ধে ইজরায়েলের গণহত্যায় জড়িত। যারা এই বিষয়ে মুখ খুলছে তাদের চুপ করিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে।' সূত্রের খবর, প্যালেস্তিনীয়দের অন্য সংগঠন 'ডিফেন্ড আউর জুরি'র সদস্য-সমর্থকরা প্রতিবাদ মিছিল করছেন লন্ডন, ম্যাঞ্চেস্টার, এডিনবার্গ, ব্রিস্টল এবং ট্রুরোতে। সম্প্রতি জঙ্গি কার্যকলাপের অভিযোগে সন্ত্রাস আইন ২০০০-এর অধিনে ৫৫ জন প্যালেস্তিনীয়কে গ্রেপ্তার করা হয়েছে ইংল্যান্ডে। প্রশাসনের এই পদক্ষেপের বিরুদ্ধে বিক্ষোভ দেখাচ্ছেন ইংল্যান্ড নিবাসী প্যালেস্তিনীয় জনতা। বিক্ষোভকারীদের হাতে দেখা গিয়েছে পোস্টার-'আমি গণহত্যা বিরোধী, আমি প্যালেস্তিনীয়দের পক্ষে।' 'আমি প্যালেস্তাইনকে সমর্থন করি, আমার বিরুদ্ধেও ব্যবস্থা নিন।' গত শনিবার লন্ডনের পার্লামেন্ট স্কোয়ারে মহাত্মা গান্ধির মূর্তির পাদদেশে দাঁড়িয়েও বিক্ষোভ দেখান অনেকে। পুলিশ বিক্ষোভকারীদের ঘিরে ফেলে তাঁদের ব্যাগ তল্লাশি চালায়। বেশ কয়েকজনকে হাতকড়া পরিয়ে নিয়ে যাওয়া হয় বলেও অভিযোগ।

একদিন ময়দান

# অস্ট্রেলিয়া সফরই রোহিতের শেষ?

## সম্মানজনক বিদায়ের পথে হিটম্যান

**নিজস্ব প্রতিবেদন:** মুম্বইয়ের ক্রিকেটার মানেই এক সময় ভারতীয় দলে জায়গা পাওয়ার সম্ভাবনা অনেক বেশি ছিল। ঘরোয়া ক্রিকেট, আইপিএল বা আন্তর্জাতিক মঞ্চ, সর্বত্র তাঁদের সাফল্যের নজির ছিল স্পষ্ট। তবে আজকের দিনে পরিস্থিতি অনেকটাই বদলে গিয়েছে। শ্রেয়স আইয়ারকে যেমন দেখা গেল ঘরোয়া ও আইপিএল মঞ্চে ধারাবাহিক পারফর্ম করেও জাতীয় দলে দীর্ঘস্থায়ী জায়গা করে নিতে ব্যর্থ হতে, তেমনই এক ভয়াবহ পরিস্থিতি তৈরি হচ্ছে ভারতীয় ক্রিকেটের অন্যতম ভরসা রোহিত শর্মার ক্ষেত্রে।



'হিটম্যান' নামে পরিচিত রোহিত গত কয়েক বছরে দেশের হয়ে অসংখ্য স্মরণীয় ইনিংস খেলেছেন। তবে সময়ের সঙ্গে তাঁর ফর্মে ধস নামে, বিশেষ করে টেস্ট ক্রিকেটে। ধারাবাহিক ব্যর্থতার কারণে শেষ পর্যন্ত তাঁকে বাধ্য হয়ে টেস্ট ক্রিকেট থেকে অবসর নিতে হয়। শোনা যায়, নির্বাচকরা তাঁকে স্পষ্ট জানিয়ে দিয়েছিলেন, নিজে না-সরলে বাদ পড়তে হবে। ফলে রোহিতের টেস্ট ক্যারিয়ারের শেষটা হয়েছিল তিক্ত অভিজ্ঞতার মধ্য দিয়ে। টি-টোয়েন্টিতেও বিশ্বকাপ জেতার পর তিনি অবসর ঘোষণা করেন। বর্তমানে তিনি শুধুমাত্র ওয়ানডে ফরম্যাটে খেলেন। কিন্তু এখানেও ভবিষ্যৎ নিয়ে তৈরি হয়েছে অনিশ্চয়তা। ক্রিকেটমহলের ধারণা, ভারতীয় দলে দীর্ঘদিন আর তাঁর জায়গা ধরে রাখা সম্ভব হবে না। কারণ, নতুন প্রজন্মের খেলোয়াড়দের তুলে আনতে নির্বাচক এবং কোচিং স্টাফরা মরিয়া। এমনকি শোনা যাচ্ছে, ইতিমধ্যেই 'প্রোজেক্ট রোহিত' শুরু হয়ে গিয়েছে, যেখানে তাঁর সম্ভাব্য বিদায়ের পরিকল্পনা সাজানো হচ্ছে।

আগামী অক্টোবর মাসে অস্ট্রেলিয়া সফরে যাবে ভারত। সেখানে তিন ম্যাচের ওয়ানডে ও তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ রয়েছে। জানা যাচ্ছে, এই সিরিজই সম্ভবত রোহিতের অধিনায়ক হিসেবে শেষ সুযোগ। তাঁকে সম্মানজনক বিদায়ের রাস্তা দেখানো হবে। যদি তিনি নিজে অবসর নেন, তবে সেটাই হবে সুন্দর সমাপ্তি। কিন্তু না নিলে নির্বাচকরা শুভমান গিলকে নেতৃত্বভার দিয়ে নতুন অধ্যায় শুরু করতে পারেন। অর্থাৎ, টেস্ট থেকে যে সম্মানজনক বিদায় তিনি পাননি, ওয়ানডেতে অন্তত সেই সুযোগ হয়তো মিলতে চলেছে। রোহিতের ভবিষ্যৎ নিয়ে যতই অনিশ্চয়তা থাকুক, বিরাট কোহলির ক্ষেত্রেও একই প্রশ্ন উঠছে, তিনি ২০২৭ ওয়ানডে বিশ্বকাপে খেলবেন কি না। তবে বিরাটের ভবিষ্যৎ নির্ভর করছে নির্বাচকদের সিদ্ধান্তের উপর। অন্যদিকে রোহিত সম্পর্কে নাকি কোচ গৌতম গম্ভীরের আগ্রহ খুবই কম। গম্ভীর এখন জাতীয় ক্রিকেটের সবচেয়ে প্রভাবশালী ব্যক্তি হিসেবে কাজ করছেন, ফলে তাঁর অবস্থানই অনেক কিছু নির্ধারণ করছে। সর্বোপরি, ভারতীয় ক্রিকেটের ইতিহাসে রোহিত শর্মার অবদান অস্বীকার করা যায় না। তিনিই প্রথম ব্যাটসম্যান যিনি তিনটি ডবল সেঞ্চুরি করেছেন ওয়ানডে ক্রিকেটে, তিনি অধিনায়ক হিসেবে দেশকে টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতিয়েছেন। কিন্তু সময় সবকিছুকে ছাড়িয়ে যায়। নতুন প্রজন্মকে জায়গা দিতে গিয়ে কিংবদন্তিদের বিদায় নিতে হয়। রোহিতের ক্ষেত্রেও সেই সময় ঘনিয়ে এসেছে বলেই মনে করা হচ্ছে। তবে ভক্তদের আশা, যে ভাবে তিনি ভারতীয় ক্রিকেটকে সাফল্যের শিখরে নিয়ে গিয়েছেন, তেমনই সম্মানের সঙ্গেই তিনি জাতীয় দলের মঞ্চ থেকে বিদায় নেবেন।

# মুম্বইয়ের অধিনায়কত্ব থেকে সরে দাঁড়ালেন অজিঙ্ক রাহানে

**মুম্বই, ২১ অগস্ট:** অভিজ্ঞ ব্যাটসম্যান অজিঙ্কা রাহানে, নতুন অধিনায়কের জন্য জায়গা করে দেওয়ার জন্য মুম্বইয়ের রঞ্জি ট্রফির অধিনায়কত্ব থেকে পদত্যাগ করেছেন বৃহস্পতিবার।



'মুম্বই দলের সঙ্গে অধিনায়কত্ব করা এবং চ্যাম্পিয়নশিপ জেতা একটি পরম সম্মানের বিষয়। সামনে নতুন ঘরোয়া মরসুম, আমি বিশ্বাস করি এটিই একজন নতুন নেতা তৈরি করার সঠিক সময় এবং তাই আমি অধিনায়কত্বের ভূমিকায় আর না থাকার সিদ্ধান্ত নিয়েছি',এমনটাই রাহানে সোশ্যাল মিডিয়ায় পোস্ট করেছেন। তাছাড়া পোস্টে তিনি এও লিখেছেন, 'একজন খেলোয়াড় হিসেবে আমি আমার সেরাটা দিতে সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ এবং মুম্বইয়ের সঙ্গে আমার যাত্রা অব্যাহত রাখব যাতে আমরা আরও ট্রফি জিততে পারি। সামনের মরসুমের জন্য অধীর আগ্রহে আমি অপেক্ষা করছি।'

এমসিএর এক অভ্যন্তরীণ সূত্রের মতে, রাহানেকে হয়তো জানানো হয়েছিল যে নির্বাচকরা একজন নতুন অধিনায়ক খুঁজছেন, যার প্রতি তিনি অনুকূল সাড়া দিয়েছেন। রাহানের নেতৃত্বে, মুম্বই ২০২৩-২৪ মরসুমে রেকর্ড ৪২তম শিরোপা জিতে আট বছরের রঞ্জি ট্রফির খরার অবসান ঘটায়। তবে, গত মরসুমে দলটি সেমিফাইনালে বিদর্ভের কাছে হেরে শিরোপা ধরে রাখতে ব্যর্থ হয়।

আর্মব্যান্ডটি চলে যাওয়ায়, রাহানে এখন দলে নিজের জায়গা ন্যায্যতা প্রমাণের জন্য চাপের সম্মুখীন হবেন, কারণ তরুণদের একটি দল অপেক্ষা করছে। চেয়ারম্যান সঞ্জয় পাতিলেবঋ নেতৃত্বে মুম্বই নির্বাচকদের এখনও একজন নতুন অধিনায়ক খুঁজে বার করতে হবে। আন্তর্জাতিক ব্যস্ততার কারণে শ্রেয়াস পুরো মরসুমে খেলতে পারবেন না বলে আশঙ্কা করা হচ্ছে, তাই শার্দুল ঠাকুর সবার আগে আছেন। সম্প্রতি দলীপ ট্রফির জন্য এই অলরাউন্ডারকে পশ্চিম অঞ্চলের অধিনায়ক মনোনীত করা হয়েছে। অন্যান্য প্রতিযোগীদের মধ্যে সহ-অধিনায়ক শামস মুলানি এবং সিদ্ধেশ লাড রয়েছেন, যারা দু'জনেই আগে মুম্বইকে নেতৃত্ব দিয়েছেন।

# একই দিনে ফুটবল প্রতিযোগিতা আয়োজনে বঙ্গ বিজেপি ও রাজ্য

**নিজস্ব প্রতিবেদন:** ১৮৯৩ সালের ১১ সেপ্টেম্বর, শিকাগো ধর্ম মহাসভায় ঐতিহাসিক বক্তব্য রেখেছিলেন বাংলার বীর সন্ন্যাসী স্বামী বিবেকানন্দ। বাংলার জাতীয়তাবাদ জাগরণের প্রতীক তিনি। ২০২৫ সালে এই ঘটনার ১৩৩ বছর পূর্ণ হবে। সেই উপলক্ষ্যে রাজ্যের ক্রীড়া দফতর ও আইএফএ যৌথ উদ্যোগে একটি ফুটবল প্রতিযোগিতার আয়োজন করতে চলেছে। আগামী ১১ সেপ্টেম্বর থেকে আন্তঃজেলা ফুটবল প্রতিযোগিতা 'স্বামী বিবেকানন্দ কাপ' শুরু করতে চলেছে। লক্ষ্য জেলাস্তর থেকে প্রতিভাবান ফুটবলার খুঁজে আনা। যারা খেলবে কলকাতা লিগের বিভিন্ন ডিভিশনে। রাজ্যের ২৩ টি জেলার থেকে মোট ৮টি করে দল নিয়ে প্রতিযোগিতা শুরু হবে। জয়ী দলদের ৮ টি জোনে ভাগ করে ম্যাচ হবে। ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস বলেন, 'ভারতীয় ফুটবলকে একমাত্র বাংলাই এগিয়ে নিয়ে যেতে পারে। বাংলার ফুটবল উন্নত হলে ভারতবর্ষের ফুটবল ভালো জায়গায় যাবে বলে আমার বিশ্বাস।'



আইএফএ সচিব অনির্বাণ দত্ত জানালেন, 'মূলত জেলাস্তর থেকে ফুটবলারদের খুঁজে আনাই লক্ষ্য আমাদের। এই সব প্রতিভাবান ছেলেরা একদিন খেলবে কলকাতা লিগ তথা ভারতবর্ষের সেরা ক্লাবগুলিতে।' এর পাশাপাশি বঙ্গ বিজেপিও একটি টুর্নামেন্ট আয়োজনের পরিকল্পনা করেছে। গত ১৪ আগস্ট বৈঠক করে বঙ্গ বিজেপি সিদ্ধান্ত নেয় যে তারা রাজ্যব্যাপী ফুটবল টুর্নামেন্ট আয়োজন করবে। সম্পূর্ণ অরাজনৈতিক ভাবে আয়োজিত হবে এই প্রতিযোগিতা। যার নাম হওয়ার কথা 'নরেন্দ্র কাপ'। এই খেলাও শুরু হওয়ার কথা আগামী ১১ সেপ্টেম্বর থেকে। যুব সমাজকে একই পথে আনতে বাংলার ফুটবলকেই বেছে নিয়েছে বঙ্গ বিজেপি।


বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
৯৮৩১৯১৯৭৯১

**Notice Inviting Online-Tender**
Executive Officer, Bhatar Panchayat Samiti invites **Notice inviting e-Tender No. BHATAR PS/19/2025-26, Dated- 21/08/2025.** Last Date of Bid Submission : **04/09/2025.** Details of e-Tender Notice will be available in Website **http://wbtenders.gov.in**
Sd/-
Executive Officer
Bhatar Panchayat Samiti

**BOLPUR MUNICIPALITY**
Bolpur, Birbhum
(1) WBMAD/ULB/ BM/PW/AMRUT 2.0/N.I.T– 13/2025-2026
Memo No. 1924/PWD/BM/2025-2026
Dated.19.08.2025
**Name of the Work:-** 3 (Three) Sl. No. 1. Renovation and Extension of APJ Abdul Kalam park in ward no. 12 under Bolpur Municipality. Sl. No. 2- Rejuvenation of Kumro Gore in ward no. 15 under Bolpur Municipality. Sl. No. 3- Renovation of Sudhasagar Park in ward no. 07 under Bolpur Municipality.
(2) WBMAD/ULB/ BM/PW/15th Finance Fund/N.I.T– 14/2025-2026
Memo No. 1925/PWD/BM/2025-2026
Dated. 19.08.2025
**Name of the Work :** 1 (One) Sl. No. 1 Construction of cement concrete High Drain in ward no. 05 under Bolpur Municipality. Last Date-of Submission 15.09.2025, for details see Bolpur Municipality Notice Board & Website : **www.wbtenders.gov.in**
Sd/-
Chairman
Bolpur Municipality

**SHORT NOTICE INVITING E-TENDER**
N.I.T. No.– WBMAD/ULB/RSM/ 282/25-26 Dated 21.08.2025
E-Tenders are being Invited for : Installation of 1(ONE) no of 9 mtr long octagonal mini mast Street light each having 5nos of 110Watts LED Flood light fitting (MODEL BVP192 LED 110 CW) in Uttar Kumakhali Near House of Yousuf Mondal, AT WARD NO.27 UNDER RAJPUR SONARPUR MUNICIPALITY. a) Date of uploadation: 22.08.2025 at 11-00 hrs. b) Tender Value: Rs: 1,07,295.37/- c) Documents download starting date & time: 22.08.2025 at 11-00 hrs. d) Last Date & Time Limit for Submission of E-Tender: 28.08.2025 at 11-00 hrs. e) Date & Time for Opening of Technical Bid: 01.09.2025 at 11-05 hrs. f) Date & Time for Opening of Financial Bid: To be notified. For more information please visit http://www.wbtenders.gov.in.
Sd/- Chairman
Rajpur-Sonarpur Municipality

**পূর্ব রেলওয়ে**
**টেন্ডার বিজ্ঞপ্তি নম্বর ঃ ২২২-এস/১/ডব্লু-II, তারিখ ঃ ১৯.০৮.২০২৫।** ডিভিসনাল ইঞ্জিনিয়ার/III, পূর্ব রেলওয়ে, কন্ট্রোল বিল্ডিং, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, শিয়ালদহ, কলকাতা- ৭০০০১৪ নিম্নলিখিত কাজের জন্য অনলাইন ই-টেন্ডার আহ্বান করছেনঃ **টেন্ডার নম্বর ঃ টিএন-১১০-২৫-২৬। কাজের নামঃ** ডিভিসনাল ইঞ্জিনিয়ার/III/শিয়ালদহ-এর অধিক্ষেত্রে শিয়ালদহ ডিভিসনে প্রয়োজনীয় পাইপলাইনের কাজ সহ বিভিন্ন স্টেশনে টয়লেট ব্লকের ব্যবস্থা। **টেন্ডার মূল্যমানঃ** ১,৯৭,৭১,৬৬৮.৮৫ টাকা। **বায়না মূল্য জমা ঃ** ২,৪৮,৯০০ টাকা। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ১১.০৯.২০২৫ বেলা ৩টা। **কাজ সম্পাদনের সময়সীমা ঃ** ১২ মাস। টেন্ডার নথিপত্র এবং অন্যান্য বিবরণ **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে ই-টেন্ডারিংয়ের মাধ্যমে বিড জমা করতে হবে। ম্যানুয়াল অফার বাতিল করা হবে। টেন্ডার খোলার তারিখ ও সময় **১১.০৯.২০২৫-এ দুপুর ৩.৩০ মিনিট।** (SDAH-177/2025-26)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway easternrailwayheadquarter

**SHORT NOTICE INVITING E-TENDER**
N.I.T. No.– WBMAD/ULB/RSM/ 281/25-26 Dated 21.08.2025
E-Tenders are being Invited for : Installation of 1(ONE) no of 9 mtr long octagonal mini mast Street light each having 5nos of 110 Watts LED Flood light fitting ( MODEL BVP192 LED 110 CW) in Anandapally near Halat Colony, AT WARD NO. 27 UNDER RAJPUR SONARPUR MUNICIPALITY. a)Date of uploadation: 22.08.2025 at 11-00 hrs. b) Tender Value: Rs: 1, 07, 295.37/- c) Documents download starting date & time: 22.08.2025 at 11-00 hrs. d) Last Date & Time Limit for Submission of E-Tender: 28.08.2025 at 11-00 hrs. e) Date & Time for Opening of Technical Bid: 01.09.2025 at 11-05 hrs. f) Date & Time for Opening of Financial Bid: To be notified. For more information please visit http://www.wbtenders.gov.in.
S/D Chairman
Rajpur-Sonarpur Municipality

**ASANSOL MUNICIPAL CORPORATION**
**2nd Call 1st Corrigendum Notice**
**N.I.E. ET. No. 26/WS/ Eng/25 Dt. 03-06-25**
**1st Call 3rd Corrigendum Notice**
**N.I.E. ET. No. 32/WS/ Eng/25 Dt. 08-07-25**
Bid Submission period: 01.09.25 instead of 20.08.25
Visit to website **www.wbtenders.gov.in**
For details please contact to Tender Cell, AMC.
Sd/- SE,
Asansol Municipal Corporation

**Saptagram Gram Panchayat**
Mithapukur, Adcconagar, Hooghly
**Notice Inviting e-Tender**
e-Tender has been invited from bonafied bidders for 09 nos. works published on **19.08.2025**. Last Date of Application: **25.08.2025 till 06.00 PM** vide **NIT No.: SGP/ 317-325 /2025, Date: 18.08.2025** & **e-Tender ID: 2025_ZPHD_891668, 2025_ZPHD_891906, 2025_ZPHD_891925, 2025_ZPHD_891947, 2025_ZPHD_891969, 2025_ZPHD_891981, 2025_ZPHD_892005, 2025_ZPHD_892020, 2025_ZPHD_892024.** For detailed information visit www.wbtenders.gov.in & undersigned GP office.
Sd/-
Prodhan
Saptagram Gram Panchayat

**E-TENDER NOTICE**
Habra-II Panchayat Samity
Vill+P.O.- Talsa , P.S.- Ashoknagar, Dist.- North 24 Parganas
**2 (Two) no e- Tender** has been invited for the work namely. **1.** Construction of Arsenic Free Drinking Water Treatment Plant with soak pit at Mouza Dighara under Dhighara Malickberia Gram Panchayat of Habra-II Dev. Block, North 24 Parganas, under 15th CFC **2.** Construction of Arsenic Free Drinking Water Treatment Plant with soak pit at Mouza Napara Under Dighara Malickberia Gram Panchayat of Habra-II Dev. Block, North 24 Parganas, Under 15th CFC. **Tender Notice No.- 149/N-2/DMGP/25-26 Date.- 14/08/2025. Last date of Bid Submission 26.08.2025 up to 2 PM.**
Sd/-
Prodhan
Dighra Malikberia GP

**DUM DUM MUNICIPALITY**
44, Dr. Sailen Das Sarani, Kolkata - 700028
"DUM DUM MUNICIPALITY HAS published tenders in the Govt website : "wbtenders.gov.in." related to Supply of 02 Nos. Portable Compactor (PC) of 10.5 CuM capacity and 1 No. Hook Loader (HL) along with 5Years O&M for Dum Dum Municipality, vide memo No. 645/DDM/GEN/25-26 Dtd 21.8.2025, Last date for dropping is 15.9.2025 and Opening on 17.9.2025. Also published one e-tender Supply and installation of 20 H.P submersible pump - motor set, control panel system including all alied works at Ward No. 11 for Deep tubewell based potable water supply scheme under 15th FC Tied fund vide memo no 648/DDM/GEN/25-26 Dtd 21.8.2025, Last date for dropping is 29.8.2025 and Opening on 1.9.2025
Sd/-
Chairman
Dum Dum Municipality

**SHORT NOTICE INVITING E-TENDER**
N.I.T. No.–WBMAD/ULB/RSM/ 284-295/25-26 Dated 21.08.2025
E-Tenders are being Invited for : Installation of 1 (ONE) no of 9 mtr long octagonal mini mast Street light each having 5nos of 110 Watts LED Flood light fitting ( MODEL BVP 192 LED 110 CW) at different places UNDER RAJPUR SONARPUR MUNICIPALITY. a)Date of uploadation: 22.08.2025 at 17-30 hrs. b) Tender Value: Rs: 1, 07, 295.00/- c) Documents download starting date & time: 22.08.2025 at 17-30 hrs. d) Last Date & Time Limit for Submission of E-Tender: 28.08.2025 at 17-30 hrs. e) Date & Time for Opening of Technical Bid: 01.09.2025 at 17-30 hrs. f) Date & Time for Opening of Financial Bid: To be notified. For more information please visit http://www.wbtenders.gov.in.
Sd/- Chairman
Rajpur-Sonarpur Municipality

**OFFICE OF THE COUNCILLORS OF EGRA MUNICIPALITY**
Egra: Purba Medinipur
**E-Tender Notice**
e-Tender are hereby invited by The Chairman, Egra Municipality from the eligible tenderers, Vide NI(e)T-**10/Kola Mandir/2025-26,Date-21/08/2025** Others details can be seen from the **https://wbtenders.gov.in** & Notice Board of the undersigned or website **www.egramunicipality.org.in, www.wbtenders.gov.in**
Sd/- Chairman,
Egra Municipality

**SHORT NOTICE INVITING E-TENDER**
N.I.T. No.– WBMAD/ULB/RSM/ 283/25-26 Dated 21.08.2025
E-Tenders are being Invited for : Installation of 1(ONE) no of 9 mtr long octagonal mini mast Street light each having 5nos of 110Watts LED Flood light fitting ( MODEL BVP192 LED 110 CW) in Uttar Kumrakhali near Banstala, AT WARD NO. 27 UNDER RAJPUR SONARPUR MUNICIPALITY. a) Date of uploadation: 22.08.2025 at 11-00 hrs. b) Tender Value: Rs:1,07,295.37/- c) Documents download starting date & time: 22.08.2025 at 11-00 hrs. d) Last Date & Time Limit for Submission of E-Tender: 28.08.2025 at 11-00 hrs. e) Date & Time for Opening of Technical Bid: 01.09.2025 at 11-05 hrs. f) Date & Time for Opening of Financial Bid: To be notified. For more information please visit http://www.wbtenders.gov.in.
Sd/- Chairman
Rajpur-Sonarpur Municipality

**চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস**
**ই-অকশন বিজ্ঞপ্তি**
ভারতের রাষ্ট্রপতির তরফে ডেপুটি সিএমএম/ডিপো/সিএলডব্লু/চিত্তরঞ্জন ওয়েবসাইট **www.ireps.gov.in**-এর দ্বারা পোর্টাল আইআরইপিএস-এর মাধ্যমে চুক্তি প্রদানের জন্য ই-অকশন লিজিং আহ্বান করছেন। যার বিশদ নিম্নরূপ ঃ **(১) ক্রমিক নং ঃ** ০১। **(২) অকশনের ক্যাটেগরি ঃ** মিস. স্ট্যাটিক জেনারেল। **(৩) ই-অকশন ক্যাটালগ নং ঃ** এসটিজেন-০০২২। **(৪) অকশন শুরুর তারিখ ও সময় ঃ** ২৯/০৮/২০২৫, সকাল ১০:০০:০০টা। **(৫) অবস্থান ঃ আর-৭ মার্কেট, ফতেপুর মার্কেট, আর-৩ মার্কেট এবং এস পি ইস্ট মার্কেট। মোট ৩৬টি অ্যাসেট।** সকল সম্ভাব্য বিডারদের সম্পূর্ণ বিশদের জন্য ওয়েবসাইট **www.ireps.gov.in** দেখতে ও (টেবল কলাম) নং-৪-তে দেওয়া সূচী অনুযায়ী উপরোক্ত ই-অকশন লিজিং-এ অংশ নিতে পরামর্শ দেওয়া হচ্ছে।
[PR4/180] **এএমএম/জিএসডি, সিএলডব্লু/চিত্তরঞ্জন**
আমাদের দেখুন ঃ www.facebook.com/clwrailways



Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**



একদিন বায়োস্কোপ





## যদি সত্যিই এমন হত

# ক্রিমিনাল জাস্টিস-এর গল্পে হইচইয়ের ‘অ্যাডভোকেট অচিন্ত্য আইচ- সিজন টু’

## বর্তমান সামাজিক প্রেক্ষাপটে সাড়া ফেলেছে

**ফিচার ডেস্ক**



গত ২০২৪ সালের ৯ ই আগস্ট কলকাতার আর জি কর হাসপাতালে কর্তব্যরতা একজন তরুণী চিকিৎসকের উপর পাশবিক অত্যাচার চালিয়ে তাকে হত্যা করা হয়। জঘন্যতম এই ধর্ষণ হত্যাকাণ্ডের ঘটনায় স্তম্ভিত, ক্রোধান্বিত, মর্মাহত রাজ্যবাসী ক্ষোভে ফুঁসে ওঠে। ক্ষোভের আগুন রাজ্য থেকে দেশে-বিদেশে ছড়িয়ে পড়ে একটি গণ আন্দোলনের রূপ নেয়। ক্ষোভ-বিক্ষোভ এবং প্রতিবাদে উত্তাল হয়ে ওঠে এই রাজ্য তথা সমগ্র দেশ। স্বাধীনতার পরে এই ধরনের স্বতঃস্ফূর্ত প্রতিবাদ আন্দোলন আর দেখা যায়নি। দাবি ওঠে একটাই - নিজের কর্মক্ষেত্রের মধ্যে এই জঘন্যতম কান্ডে মৃতা তরুণী চিকিৎসক যেন অবিলম্বে বিচার পান। ঘূন ধরে যাওয়া সিস্টেমের মধ্যে থাকা সমস্ত দোষীদের চিহ্নিত করে অবিলম্বে কঠোরতম শাস্তি দিতে হবে। প্রথমে পুলিশ এবং পরবর্তীকালে সিবিআই এই তদন্তের ভার নেয়। কিন্তু আজ এক বছর সময় অতিক্রান্ত হয়ে যাওয়ার পরেও রাজ্যের মানুষ মনে করেন, এখনো পর্যন্ত নির্যাতিতা মৃতা তরুণী চিকিৎসক বিচার পাননি। কারণ আপাতদৃষ্টিতে একজনকে দোষী সাব্যস্ত করা হলেও, অনেক গুরুত্বপূর্ণ প্রশ্নের কোন সদুত্তর এখনো পাওয়া যায়নি। তদন্তের অনেক বিষয়ে রয়ে গিয়েছে ধোঁয়াশা ।তাই আজও ক্ষোভের আগুন প্রশমিত হয়নি। এই অন্যায়ের বিরুদ্ধে আন্দোলন প্রতিবাদ এখনো থেমে যায়নি। এবছর ২০২৫ সালের ১৪ ই আগস্ট মধ্যরাতেও প্রতিবাদ আন্দোলন ধ্বনিত হয়েছিল এ রাজ্যের বিভিন্ন প্রান্তের বিভিন্ন অঞ্চলে।

ঠিক তার পরের দিন অর্থাৎ ১৫ ই আগস্ট ২০২৫ অনেকটা একইরকম প্রেক্ষাপটের উপর হইচই প্ল্যাটফর্মে মুক্তি পেয়েছে পরিচালক জয়দীপ মুখার্জির নুতন সিরিজ ক্ষ্মঅ্যাডভোকেট অচিন্ত্য আইচ সিজন টুক্ষ্ম। পকসো আইনের অধীন একটি ক্রিমিনাল জাস্টিস এর ঘটনা অবলম্বনে এই গল্পটি লিখিত হয়েছে। এই গল্পেও একটি অল্পবয়সী মেয়ে দ্যুতির (অনন্যা গুহ) ধর্ষণ এবং হত্যার অভিযোগে ড্রাইভার রণজয় (সত্যম ভট্টাচার্য) কে গ্রেফতার করে ফাঁসির আদেশ দেওয়া হয়। আসামি রনজয়ের শাস্তির দাবিতে, আর জি কর আন্দোলনের সাদৃশ্যে সামাজিক আন্দোলনের দৃশ্যপটও ক্যামেরাবন্দি করেছেন এই সিরিজের চিত্রনাট্যে পরিচালক জয়দীপ মুখার্জি। রনজয় এর স্ত্রী এই ঘটনার পরিপ্রেক্ষিতে গায়ে আগুন দিয়ে আত্মহত্যার চেষ্টা করেন। অগ্নিদগ্ধ অবস্থায় রনজয় এর স্ত্রী কে উদ্ধার করে হাসপাতালে পাঠান ওই পাড়ার ই বাসিন্দা অ্যাডভোকেট অচিন্ত্য আইচ(ঋত্বিক চক্রবর্তী) এবং পাড়ার লোকজন। রণজয়ের ছোট্ট মেয়েটিকে আশ্রয় দেওয়ার জন্য, অঞ্চলের মানুষের বিরোধিতার মুখোমুখি হন অচিন্ত্য আইচ, যার সঙ্গে সিজন ওয়ান এ দর্শকদের পরিচয় হয়েছে ইতিমধ্যেই। সরল সাদাসিধে, নিপাট ভালো মনের মানুষ অচিন্ত্য উপলব্ধি করতে পারেন যে রনজয় প্রকৃত দোষী হতে পারেনা। তাই চরম বিরোধিতা সত্ত্বেও রনজয় এর পক্ষে আদালতে ডিফেন্স ল ইয়ার হিসেবে অবতীর্ণ হন অ্যাডভোকেট অচিন্ত্য আইচ এবং রনজয়ের ফাঁসির আদেশও শেষ মুহূর্তে রদ করা হয়। পকসো আইনের অধীনে কেস শুরু হয়, বিপক্ষে নামজাদা পকসো আইন বিশেষজ্ঞ আইনজীবী নন্দিনী সিনহা (সোহিনি সেনগুপ্ত)। রণজয়ের স্ত্রী হাসপাতালে মারা যায়, ছোট্ট মেয়ে নুপুর(অনুমেঘা কাহালি) অ্যাডভোকেট অচিন্ত্য ওরফে টুটুল মামার বাড়িতে তারই আদর যত্নে আশ্রয় পায়। সাদাসিধে, ন্যায়ের পক্ষে থাকা ভালো মানুষ অচিন্ত্য কালী মায়ের আশীর্বাদ নিয়ে নির্দোষ রনজয় কে মুক্ত করতে এবং একযোগে নুপুর এবং ভিকটিম দ্যুতির জন্য ন্যায়ের লড়াইতে নামেন। অভিজ্ঞ প্রবীণ আইনজীবী সীতারাম গাঙ্গুলীর (শাশ্বত চট্টোপাধ্যায়) পরামর্শ গ্রহণ করেন। এই দুরুহ কাজে অ্যাডভোকেট অচিন্ত্য কে সাহায্য করেন, তারই হবু স্ত্রী গীতা(খেয়া চট্টোপাধ্যায়) এবং সাগরেদ ভীম (দেবরাজ ভট্টাচার্য)। এরপর নানান ঘটনাপ্রবাহ এবং আদালতে আইনি মারপ্যাঁচের মধ্য দিয়ে গতিশীল চিত্রনাট্য এগিয়ে চলে। টান টান উত্তেজনার মধ্য দিয়ে সাতটি পর্বের সিরিজটি দর্শক কে ছবিটির শেষ দৃশ্য পর্যন্ত আটকে রাখবে। প্রাসঙ্গিক প্রেক্ষিতের ওপর যদি কোন গল্পের চিত্রনাট্য লেখা হয়, স্বাভাবিক নিয়মেই সেই চিত্রনাট্য দর্শকদের মনে স্থান পায় - আর এখানেই পরিচালকের মুন্সিয়ানা। সিরিজটি দেখতে দেখতে দর্শকদের মনে হতেই পারে-- যদি সত্যিই এমন হতো, যদি সত্যিই আমাদের সমাজে অ্যাডভোকেট অচিন্ত্য আইচের মত মানবিক, সহানুভূতিশীল, ন্যায় পরায়ন কোন মানুষ বা কোন সংস্থা থাকতো, তাহলে হয়তো বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদতো না। যাই হোক সিরিজটিকে সফল করেছে, চিত্রনাট্যের সঙ্গে মানানসই অভিনয়। ঋত্বিক চক্রবর্তী এবং সোহিনী সেনগুপ্ত চরিত্রে অভিনয় করেছেন না বলে, চরিত্র যাপন করেছেন বললে অত্যুক্তি হবে না। আর একজনের কথা না বললেই নয় - দেবরাজ ভট্টাচার্য অসাধারণ অভিনয়শৈলী দিয়ে তিনি, তার জাত চিনিয়েছেন। সত্যম ভট্টাচার্য, দুলাল লাহিড়ী, রুপাঞ্জনা মিত্র, সোমক ঘোষ এবং আরও অন্যান্য চরিত্ররা প্রত্যেকেই সাবলীল এবং সচ্ছন্দ অভিনয়ের মাধ্যমে চিত্রনাট্যটিকে বিশ্বাসযোগ্য করে তুলেছেন। সিরিজটিতে ব্যবহৃত গান গুলিও যথেষ্টই শ্রুতিমধুর। সামগ্রিক চিত্রায়ন এবং সংলাপ যথেষ্ট প্রশংসাযোগ্য। আদালত কক্ষের শেষ দৃশ্যের শেষ সংলাপটি মনে দাগ কেটে যায়। মোশন ওয়েভ প্রোডাকশনের ব্যানারে হইচই এর প্ল্যাটফর্মে অ্যাডভোকেট অচিন্ত্য আইচ-সিজন টু সমাদৃত হয়েছে।

# ‘মানুষ যদি আমাকে থ্রিলার বা অ্যাডভেঞ্চার নির্মাতা হিসেবে মনে রাখে, আমার তাতে আপত্তি নেই, বরং বেশ গর্বই হবে’: সায়ন্তন ঘোষাল

### টলিউডের অন্যতম পরিচালক সায়ন্তন ঘোষালের সঙ্গে, খোলামেলা আড্ডায় শাশ্বত চট্টোপাধ্যায়।



**প্রশ্ন** — সম্প্রতি মুক্তি পেয়েছে আপনার পরিচালনায় ‘রবীন্দ্র কাব্য রহস্য’। এই সিনেমাটি নিয়ে আপনি কতটা আশাবাদী?

**উত্তর** — ‘রবীন্দ্র কাব্য রহস্য’ সিনেমাটি মুক্তির আগেই আমাকে অনেক কিছু দিয়ে ফেলেছে। প্রথমত এমনই একটি বিষয়কে কেন্দ্র করে থ্রিলার বানানো- আমার বিশ্বাস, হিমাংশু ধানুকার মতো প্রযোজক ছাড়া এই পাগলামো আমাদের ইন্ডাস্ট্রিতে আর কোন প্রযোজক করতেন না। তাই আমি তার প্রতি গভীরভাবে কৃতজ্ঞ, এই ছবিটিতে বিনিয়োগ করার জন্য এবং আমাকে সম্পূর্ণ স্বাধীনতা দেওয়ার জন্য। ছবিটি তৈরি হয়ে যাওয়ার পর আমাদের মনে হয়েছিল, এটা একেবারেই অন্যরকম অভিজ্ঞতা - শুরু থেকে শেষ পর্যন্ত একেবারেই আলাদা স্বাদের। তাই আমি নিজে থেকে খুব একটা উৎসাহী ছিলাম না, তবু স্ত্রীর জোরাজুরিতে ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভাল অফ গোয়া তে পাঠাই ছবিটি। সত্যি বলতে কি, বিস্ময়ের সীমা থাকে না যখন দেখি, ভারতবর্ষের মাত্র ২৫ টি ছবির মধ্যে, এই ছবিটি ইন্ডিয়ান প্যানোরামা বিভাগে নির্বাচিত হয়ে যায়। শুধু তাই নয়, এই ছবিটি ইউনেস্কো গান্ধী মেডাল অ্যাওয়ার্ড এর জন্যও মনোনয়ন পায়। যা সত্যিই এক বিরল সম্মান। যখন আইএফএফআই- তে প্রিমিয়ার হল, তখন দর্শক এবং আন্তর্জাতিক মিডিয়া আমাদের এই ছবিটিকে যা ভালবাসা এবং সমাদর দিয়েছে, তা ভাষায় প্রকাশ করা কঠিন। এ ছবি কোন পিকনিক মুডের সিনেমা নয়, মানে নিছক বিনোদনের জন্য তৈরি করা নয়। আমার দৃঢ় ধারণা, বহু বছর পর মানুষ যদি আমার নাম কখনো মনে করেন, তাহলে তারা নির্দ্বিধায় এই ছবিটির কথাও বলবেন। সেটাই আমার কাছে সবচেয়ে বড় প্রাপ্তি।

**প্রশ্ন** — আপনার ছবিগুলি দেখলেই বোঝা যায়, প্রধানত আপনি থ্রিলার ঘরানাকেই প্রাধান্য দেন। একজন ছবি নির্মাতা হিসাবে থ্রিলারকেই প্রথম পছন্দ কেন?

**উত্তর** — থ্রিলার এবং অ্যাডভেঞ্চার আমার কাছে নিছক ঘরানা নয়। ছোটবেলা থেকে আমি এই ধরনের গল্পের মধ্যেই বড় হয়েছি। ইন্ডিয়ানা জোন্স, যস্, জুরাসিক পার্ক, ফেলুদার বিভিন্ন কাহিনী না জানি আমি কত হাজার হাজার বার দেখেছি। তাই যখন স্বাভাবিকভাবেই প্রথম সিনেমা করার কথা ভাবি, তখন মাথায় আসে ‘যকের ধন’এর মত গল্প। আমি বিশ্বাস করি, যেসব গল্প হৃদয় থেকে আসে- সেগুলোর মধ্যে আলাদা একটা সহজাত সততা থাকে - জোর করে আনা নয়। আর সেই সততার প্রতিফলনই তো দেখা যায় পর্দায়। মানুষ যদি আমাকে থ্রিলার বা অ্যাডভেঞ্চার নির্মাতা হিসেবেই মনে রাখে, আমার তাতে বিন্দুমাত্র আপত্তি নেই -বরং বেশ গর্বই হবে।

**প্রশ্ন** — ২০২০ সালে আপনার পরিচালিত ওয়েব সিরিজ ‘লালবাজার’ জনপ্রিয় হয়েছিল এবং দর্শকদের প্রশংসা পেয়েছিল। বহুদিন ধরে দর্শকরা অধীর অপেক্ষায় লালবাজারের সিজন ২ এর জন্য। এ বিষয়ে আপনার পরিকল্পনা কি?

**উত্তর** — লালবাজার বললেই আজও মানুষের মুখে এক ধরনের উজ্জ্বলতা দেখতে পাই। সত্যিই তখন সেই সিরিজ টি দারুন জনপ্রিয় হয়েছিল। এমনকি মুম্বাই ইন্ডাস্ট্রির অনেক মানুষ আমাকে এখনো ক্ষ্মলালবাজারক্ষ্ম এর কথা বলেন। যা নিঃসন্দেহে খুব আনন্দ এবং উৎসাহের বিষয়। তবে সত্যি কথা বলতে কি ক্ষ্মলালবাজারক্ষ্মএর দ্বিতীয় সিজন হবে কিনা সেটা পুরোপুরি আমার হাতে নেই। এই সিদ্ধান্ত একমাত্র ‘জি’ এর পক্ষ থেকেই আসতে পারে। আপাতত তাই কোন পরিকল্পনা নেই। তবে যদি কখনো ক্ষ্মজিক্ষ্ম এর পক্ষ থেকে উদ্যোগ নেওয়া হয়, আমি তো দারুণ খুশি হব। বরং প্রথম সিজনের তুলনায় অনেক বড় ক্যানভাসে, আরো গভীরভাবে গল্পটাকে গড়ে তুলতে চাই। অপেক্ষায় রইলাম, দেখা যাক।

**প্রশ্ন** — আগামী দিনে মুক্তি পেতে চলেছে শার্লক হোমসের গল্প অবলম্বনে, আপনার পরিচালিত ‘সরলাক্ষ হোমস্’। এই ছবিতে শার্লক এবং ওয়াটসন চরিত্রে যথাক্রমে ঋষভ বসু এবং অর্ণ মুখোপাধ্যায় কে বেছে নেওয়ার কারণ কি?

**উত্তর** — ‘সরলাক্ষ হোমস’ আমার একটি অত্যন্ত প্রিয় প্রজেক্ট। শার্লক হোমস নিয়ে কাজ করার ইচ্ছা আমার বহুদিনের। খুব ছোটবেলায় কাগজের পাতা উল্টে, এই শার্লক হোমস চরিত্রের সঙ্গে আমার পরিচয়। আপন হৃদয়ে সেই মুগ্ধতা আজও বহন করে চলেছি। এবার প্রযোজক এই ছবিটি বানানোর ক্ষেত্রে আমাকে সম্পূর্ণ স্বাধীনতা দিলেন, ফলে মনের মত করে এই ছবিটা বানাতে পেরেছি। কাস্টিং এর সময় আমার খুব স্পষ্ট একটি ভাবনা ছিল- আমি এমন কাউকে চাইছিলাম, যারা কোন রকম ব্যাগেজ ছাড়া আসবে। মানে, আগে থেকে খুব পরিচিত গোয়েন্দা চরিত্র বা একই ঘরানার ভূমিকায় অভিনয় করে দর্শকদের মধ্যে যাদের জন্য একটা স্থির ছাপ তৈরি হয়ে গেছে, তাদের চাইনি। কারণ তাতে চরিত্রের স্বাতন্ত্র্য হারিয়ে যাওয়ার সম্ভাবনা থাকে। ঋষভ এবং অর্ণ সেই দিক থেকে একেবারে নিখুঁত। ওরা দুজনেই খুবই দক্ষ অভিনেতা এবং সবচেয়ে বড় কথা, নিজেদের সবটুকু উজাড় করে দিয়ে এই চরিত্রগুলিকে নিজেদের মতো তৈরি করেছে। শার্লক আর ওয়াটসন আমাদের ছবিতে সরলাক্ষ এবং তার সহচর- এরা আর কেবল ‘ডয়েল’এর পাতায় থাকা চরিত্র নয়, ওদের ব্যক্তিত্ব, অভ্যাস, টানাপোড়েন সবকিছুই ঋষভ এবং অর্ণ এর মাধ্যমে নতুন এক প্রাণ পেয়েছে। আমার বিশ্বাস দর্শকেরা এই নতুন ব্যাখ্যাকে সাদরে গ্রহণ করবেন।

# মিঠি চরিত্রটি আমার অভিনয় জীবনের একটি পালক: ঐশী

### সম্প্রতি বহুল জনপ্রিয় সিরিয়াল ‘চিরসখা’র মিঠি চরিত্রে অভিনয় করছেন অভিনেত্রী ঐশী ভট্টাচার্য। তার সাথে সরাসরি আলাপে সাংবাদিক শাশ্বত চট্টোপাধ্যায়।



**প্রশ্ন: অভিনয় জগতে কিভাবে আসা মানে অভিনয়ের যাত্রা টার কিভাবে সূচনা ঘটে সেটা যদি একটু শেয়ার করেন ?**

আমি আড়াই বছর বয়স থেকে তকত্থকদ শিখতাম এবং যার কাছে আমি প্রশিক্ষণ নিতাম তিনি আমার মাকে একদিন আমার অভিনয় করার জন্য প্রস্তাব দেন। এরপর মায়ের হাত ধরে স্টুডিওতে গিয়ে ছবি জমা দিয়ে আসি। হঠাৎই একদিন অডিশন এর জন্য আমার ডাক আসে আমি গিয়ে অডিশনটা দিই। সৌভাগ্যবশত আমার নাম সিলেক্ট হয়ে যায়। সেই থেকেই আমার অভিনয়ের শুরু। বলাই বাহুল্য ৬ বছর বয়স থেকে আমার অভিনয় কেরিয়ারের সূচনা হয়েছে।

**প্রশ্ন: বর্তমানে চিরসখা সিরিয়ালটা প্রচুর জনপ্রিয়তা এবং টিআরপি অর্জন করেছে? এই চিরসখা সিরিয়ালে মিঠির চরিত্রে অভিনয় করছেন আপনি? কিভাবে নিজেকে মিঠি চরিত্রের জন্য প্রস্তুত করলেন?**

চিরসখা সিরিয়ালটা বাস্তবেই প্রভূত জনপ্রিয়তা অর্জন করেছে। আট থেকে আশি সকলেই এই সিরিয়ালটি দেখছেন। মিঠি চরিত্রটিও সকলের ভালোবাসা পেয়েছে। এই চরিত্রটিতে বলতে গেলে অভিনয় করার সময় লীনা আন্টি মানে লীনা গঙ্গোপাধ্যায় এর স্ক্রিপ্ট আমাকে প্রচন্ডভাবে সহায়তা করেছে। লীনা আন্টির স্ক্রিপ্ট এতটাই গোছানো এবং সুন্দর করে সাজানো যে আমি অল্প একটু পরিশ্রম করলেই সুন্দরভাবে কাজটা করে উঠতে পারি। এছাড়া এই সিরিয়ালটির পরিচালক দিগন্ত সিনহা



আমাকে অনেক সহায়তা করেছে। তাছাড়া সর্বোপরি যাদের সাহচর্যে আমি আমার এই চরিত্রটিকে ফুটিয়ে তুলতে পেরেছি তারা আমার সমস্ত সহ অভিনেতা এবং অভিনেত্রীরা। এই ভাবেই আমার মিঠি চরিত্রটি তৈরি হয়েছে।

**প্রশ্ন: মিঠির চরিত্রটি আপনাকে কতটা জনপ্রিয়তা দিয়েছে মানে আপনি পাবলিক রেসপন্স দেখে কি বুঝতে পারছেন?**

সমাজ মাধ্যমে দর্শকের প্রত্যুত্তর এবং রেসপন্স থেকে বুঝতে পারছি যে মিঠি চরিত্রটি আমাকে একটা পরিচিতি সত্যিই দিয়েছে ।আমি এর আগে বিভিন্ন চরিত্রে অভিনয় করেছি। সেগুলি যেমন আমার একটি পালক তেমনি মিঠি চরিত্রটি আমার অভিনয় জীবনের একটি পালক।

**প্রশ্ন: অনুসূয়া মজুমদার, অপরাজিতা ঘোষ এবং সুদীপ মুখার্জির সাথে স্ক্রিন শেয়ার করার অভিজ্ঞতা কেমন?**

অনুসুয়াদি সিনিয়র একজন অভিনেত্রী। বহু বছর ধরে অভিনয় জগতের সঙ্গে যুক্ত রয়েছে। উনাকে আমরা দেখি এই বয়সেও খুব উদ্যমের সাথে প্রতিদিন সেটে উপস্থিত হতে। এমনকি মাঝে মাঝে আমাদের অনেক সময় শুটিং দাঁড়িয়ে দাঁড়িয়ে করতে হয় কিছু শর্ট এর জন্য সেক্ষেত্রে এই বয়সেও অনুসূয়াদিকে আমরা দেখি তিনি অনেকক্ষণ একটানা দাঁড়িয়ে শর্ট দিচ্ছেন এবং নিজের সংলাপ পাঠ করছেন। এতে কিন্তু উনি বিন্দুমাত্র বিরক্তি বোধ করেন না। অপরাজিতা দি মানে অপাদির সাথে আমার খুব ভালো সম্পর্ক। অপাদির সাথে এটা আমার প্রথম কাজ। সিরিয়ালটা যখন শুরু হয় আমি তখন ঠিকই করে নিয়েছিলাম যে অপাদির থেকে অনেক কিছু শিখবো এবং সত্যি বলতে কি আমি এই সিরিয়ালের শুটিং করতে করতে অপাদির কাছ থেকে যেমন অনেক জ্ঞান অর্জন করেছি তেমনই বাস্তবে মানব জীবনের ক্ষেত্রেও আমি অপাদির কাছ থেকে অনেক কিছু শিখেছি। সুদীপদার সাথেও কাজের অভিজ্ঞতা দারুন। আমরা এর আগেও একসাথে শ্রীময়ীতে কাজ করেছি। সেখানে আমাদের বাবা ,মেয়ের সম্পর্কটা খুবই ভালো ছিল। এই সিরিয়ালেও নতুন কাকুর চরিত্রে সুদীপদার সাথে আমার বন্ডিংটা খুবই ভালো। আমরা তো মাঝে মাঝেই বলি যে আমরা হচ্ছি বাবা মেয়ে জুটি ।

**প্রশ্ন: অবসর সময় বা ছুটির দিনে কি করেন কিভাবে দিনটা অতিবাহিত করেন?**

আমার বাড়িতে থাকতে খুব ভালো লাগে। বই পড়ে সময় কাটাই। মাঝে মধ্যে কখনো কখনো ভালো সিনেমা দেখে আসি। এমনও হয়েছে যে শুটিংয়ের মাঝখানে কোন কাজ না থাকলে সিনেমা দেখে এসেছি।

**প্রশ্ন: বর্তমানে নারী পরিস্থিতি নিয়ে আপনি কি বলবেন, বিশেষ করে নারী সুরক্ষা নিয়ে? এই যে এতগুলো কর্মকাণ্ড হয়ে গেল? এর থেকে মুক্তির উপায় কি আপনি কি বলেন? কিভাবে এগুলোকে প্রতিরোধ করা যায়?**

বর্তমানে নারী পরিস্থিতি খারাপ এমনটা নয় নারী পরিস্থিতি আগেও খারাপ ছিল। নারী সুরক্ষা আগেও যে খুব একটা ভালো ছিল তেমনটা নয়। প্রতিনিয়তই নারী অবমাননা ঘটছে আমাদের চারপাশে। বলতে গেলে প্রায় প্রতিদিনই নারী সম্মান ক্ষুন্ন হচ্ছে। সবটা কিন্তু আমরা দেখতে পাচ্ছি না। কিছু কিছু ঘটনা আমাদের চোখে পড়ে এবং বেশিরভাগটাই হয়তো চোখে পড়ে না। এর প্রতিরোধের উপায় একটাই তা হচ্ছে দৃষ্টান্তমূলক শাস্তি, অন্তত আমার মতে।

